# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 16, 1432 Bangla, March 30, 2026, Monday, No. 86, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman will formally inaugurate the Farmer Card distribution programme on the occasion of Pahela Baishakh. The program will be launched on a pilot basis in 11 blocks across different districts. [Jago FM: 09]

RAB has arrested the prime accused truck driver, Sujat Ali in connection with the killing of a petrol pump manager, Nahid Sardar in Narail after refusing to provide diesel. [BBC: 03]

Depot manager Al Amin Khan has been temporarily suspended after finding 12,500 liters more fuel oil than the records in stock at the Mongla Oil Installation of Jamuna Oil Company Limited. [Jago FM: 14]

Shipping Minister Sheikh Rabiul Alam has issued a strict directive to avoid boat accidents and risks in ferry crossings. He said that buses must be completely empty before being taken onto ferries. [Jago FM: 10]

Health and Family Welfare Minister Sardar Md. Sakhawat Hussain has alleged that hospitals were built in a hurry across the country to make money by looting. [Jago FM: 10]

Twenty-two migrants have died due to bad weather and lack of water & food while attempting to cross the Mediterranean Sea from Libya to Europe, with 18 of the deceased identified as Bangladeshi nationals. [DW: 08]

Children are increasingly being affected by measles across country. Pediatricians believe that the new outbreak of measles is due to insufficient vaccination, inadequate breastfeeding, lack of necessary deworming medication & malnutrition. [BBC: 03]

The outbreak of measles in Rajshahi division has increased at an alarming rate. This month, 77 people have been confirmed to have measles. 3 people have also died in various hospitals during this period. [Jago FM: 11]

Protests against US President Donald Trump have been held across the United States, with many people expressing opposition to the attacks on Iran. [BBC: 07]

Referring to US, Iran's parliament speaker Mohammad Bagher Ghalibaf has commented that the enemy publicly sends messages of negotiation & dialogue while secretly planning a ground attack. [BBC: 06]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১৬, বাংলা ১৪৩২, মার্চ ৩০, ২০২৬, সোমবার, নং- ৮৬, ৫৬তম বছর**

# শিরোনাম

আগামী পহেলা বৈশাখ প্রধানমন্ত্রী তারেক রহমান কৃষক কার্ড বিতরণ কর্মসূচির উদ্বোধন করবেন। চলতি বছরে পরীক্ষামূলক বিভিন্ন জেলার ১১টি ব্লকে এ কার্যক্রম শুরু হচ্ছে। [জাগো এফএম: ০৯]

জ্বালানি তেলের জন্য অপেক্ষা করেও না পাওয়ায় ক্ষুব্ধ হয়ে পাম্প ম্যানেজারকে ট্রাক চাপায় হত্যার অভিযোগে চালক সুজাত আলীকে আটক করেছে র‍্যাব। [বিবিসি: ০৩]

যমুনা অয়েল কোম্পানির মোংলা ডিপোতে রেজিস্ট্রারের চেয়ে মজুতের হিসাবে সাড়ে ১২ হাজার লিটার বেশি জ্বালানি তেল পাওয়ায়, ডিপো ম্যানেজার আল আমিন খানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। [জাগো এফএম: ১৪]

নৌ দুর্ঘটনা ও ফেরি পারাপারে ঝুঁকি এড়াতে কঠোর নির্দেশনা দিয়েছেন নৌমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, ফেরিতে গাড়ি ওঠার সময় অবশ্যই শতভাগ যাত্রী নামিয়ে নিশ্চিত করে ফেরিতে উঠতে হবে। [জাগো এফএম: ১০]

লুটপাট করে টাকা কামানোর জন্য তড়িঘড়ি করে দেশব্যাপী হাসপাতাল নির্মাণ করা হয়েছিল বলে দাবি করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। [জাগো এফএম: ১০]

ইউরোপে পৌঁছার আশায় নৌকায় করে লিবিয়া থেকে যাত্রা করা ২২ অভিবাসী খারাপ আবহাওয়া এবং পানি ও খাবারের অভাবে মারা গেছেন। তাদের মধ্যে ১৮ জনই বাংলাদেশি। [ডয়চে ভেলে: ০৮]

সারাদেশে শিশুরা হামে ক্রমবর্ধমানভাবে আক্রান্ত হচ্ছে। অপর্যাপ্ত টিকাদান, অপর্যাপ্ত স্তন্যপান, প্রয়োজনীয় কৃমিনাশক ঔষধ না খাওয়ানো এবং অপুষ্টির কারণেই হামের এই নতুন প্রাদুর্ভাব ঘটছে বলে মনে করছেন শিশু বিশেষজ্ঞরা। [বিবিসি: ০৩]

রাজশাহী বিভাগে হামের প্রকোপ উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে। চলতি মাসে ৭৭ জনের শরীরে হামের জীবাণু নিশ্চিতভাবে শনাক্ত হয়েছে। এই সময় বিভিন্ন হাসপাতালে ৩ জনের মৃত্যুও হয়েছে। [জাগো এফএম: ১১]

যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে এবং ইরান যুদ্ধবিরোধী বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। [বিবিসি: ০৭]

যুক্তরাষ্ট্রকে ইঙ্গিত করে ইরানি পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, তারা প্রকাশ্যে আলোচনার কথা বললেও, গোপনে স্থল অভিযানের পরিকল্পনা করছে। [বিবিসি: ০৬]

# বিবিসি

## নড়াইলে তেল না পেয়ে পাম্প ম্যানেজারকে হত্যার অভিযোগে ট্রাক চালক আটক

সন্ধ্যা ৬টা থেকে রাত ২টা পর্যন্ত নয় ঘণ্টা জ্বালানি তেলের জন্য অপেক্ষা করেও না পাওয়ায় ক্ষুব্ধ হয়ে পাম্প ম্যানেজারকে ট্রাক চাপায় হত্যার অভিযোগে চালক সুজাত আলীকে আটক করেছে র‍্যাব। রোববার এক সংবাদ সম্মেলন করে র‍্যাব-৬ যশোরের কোম্পানি কমান্ডার মেজর ফজলে রাব্বি প্রিন্স ওই ট্রাক চালককে আটকের খবর জানিয়েছেন। সংবাদ সম্মেলনে বলা হয়, রোববার দুপুরে যশোরের বাঘারপাড়া উপজেলার কিসমত মাহমুদপর এলাকা থেকে চালক সুজাত আলীকে আটক করা হয়। আটক সুজাত আলী নড়াইল সদর উপজেলার পেড়লী গ্রামের মৃত ছাইদুর রহমানের ছেলে। এর আগে, দুপুরে ওই ট্রাকটি বেনাপোল পৌর ট্রাক টার্মিনাল থেকে জব্দ করেছে নাভারণ হাইওয়ে পুলিশ। শনিবার রাত ২টার দিকে জ্বালানি তেল না পেয়ে বাগবিতণ্ডার পর নড়াইলে তুলারামপুর এলাকায় তানভীর ফিলিং স্টেশনের ম্যানেজার নাহিদকে ট্রাকচাপায় হত্যা করা হয় বলে পুলিশ জানিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## বাংলাদেশে হঠাৎ শিশুদের মধ্যে হামের প্রকোপ- কেন, কী ব্যবস্থা নেওয়া হচ্ছে

বাংলাদেশের রাজধানী ঢাকাসহ বেশ কিছু জেলায় হুট করেই শিশুদের মধ্যে হামে আক্রান্ত হওয়ার প্রবণতা বেশি দেখা যাচ্ছে, যদিও স্বাস্থ্য বিভাগ বলছে, সারাদেশেই শিশুরা এ রোগের আক্রান্ত হচ্ছে। দেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির অংশ হিসেবে ৯ থেকে ১৫ মাস বয়সি শিশুরা এই রোগের টিকা পাওয়ার পরেও কেন এই সময় আবার রোগটির প্রবণতা বাড়ছে, সেই আলোচনা জোরদার হচ্ছে। চিকিৎসকরা বলছেন, টিকা দেওয়ার পরেও অনেক শিশু এই রোগে আক্রান্ত হচ্ছে, যা উদ্‌বেগের। কারণ ব্যাপক ছোঁয়াচে ভাইরাসজনিত এই রোগটি আক্রান্ত শিশুর জীবনকেও ঝুঁকিতে ফেলে দিতে পারে। তবে এবার আক্রান্ত রোগীদের উপসর্গ বিবেচনা করে চিকিৎসা দেওয়া হচ্ছে এবং তাতে তারা সুস্থ হচ্ছেন বলেও বলছেন তারা। পরিস্থিতি সামাল দিতে প্রায় ছয়শো কোটি টাকা নতুন করে টিকার জন্য বরাদ্দ দেওয়া হয়েছে বলে রোববার এক অনুষ্ঠানে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল। তিনি অভিযোগ করেছেন, গত আট বছর অতি সংক্রামক এ রোগটির টিকা না দেওয়ার কারণেই এখন হামের প্রকোপ আবার দেখা যাচ্ছে। ওদিকে, স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, তারা আগামী জুলাই-আগস্টে বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে দেশজুড়ে শিশুদের হামের টিকা দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছে। "ইতোমধ্যেই ভ্যাকসিন চলে আসছে। আরও যা যা লাগবে, সেটি টিকার জন্য গঠিত বৈশ্বিক জোট গ্যাভিকে অবহিত করা হয়েছে। তারা মে থেকে জুলাইয়ের মধ্যে ২ কোটি সিরিঞ্জ দেবে। সবকিছু একত্রিত হলেই আমরা ক্যাম্পেইন (বিশেষ টিকাদান কর্মসূচি) শুরু করবো,„ বিবিসি বাংলাকে বলেছেন স্বাস্থ্য অধিদফতরের উপ-পরিচালক শাহরিয়ার সাজ্জাদ।

### কেন বাড়ছে হামের রোগী

স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা ও শিশু চিকিৎসকদের সাথে কথা বলে জানা গেছে, মূলত পর্যাপ্ত টিকা না দেওয়া, শিশুদের মায়ের বুক দুধ ঠিকমতো পান না করানো, প্রয়োজনীয় কৃমিনাশক ঔষধ না খাওয়ানো এবং অপুষ্টির কারণেই নতুন করে হামের এই প্রকোপ শুরু হয়েছে বলে মনে করা হচ্ছে। এছাড়া হামের জন্য যে টিকা দেওয়া হচ্ছে, সেই টিকার মান এবং দীর্ঘদিন ধরে টিকা দেওয়ার কারণে ভাইরাসের ধরনে কোনো পরিবর্তন নতুন করে হামের প্রকোপে ভূমিকা রেখেছে কি-না, সেই প্রশ্নও উঠছে। ময়মনসিংহে আরও দুটি শিশুর হামে আক্রান্ত হয়ে মৃত্যুর খবর পাওয়া গেছে। ঢাকাসহ বিভিন্ন জায়গায় হাসপাতালগুলোয় হাম সন্দেহে ভর্তির ভিড় বাড়ছে। মার্চ মাস জুড়ে এখন পর্যন্ত সারাদেশে হামের কারণে অন্তত ২০টি শিশুর মৃত্যুর তথ্য এসেছে দেশের সংবাদ মাধ্যমে। "সাধারণত ৯ মাস পূর্ণ হলে ইপিআই কর্মসূচির আওতায় হামের টিকা পায় শিশুরা। কিন্তু এবার দেখা যাচ্ছে যারা আক্রান্ত, তাদের ৩৩ ভাগ এই বয়সের আগেই আক্রান্ত হয়েছে। অর্থাৎ ৯ মাসের কম বয়সিদের মধ্যে এই রোগের সংক্রমণ বাড়ছে,„ বিবিসি বাংলাকে বলেছেন শাহরিয়ার সাজ্জাদ। সাধারণত সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় ৯-১৫ বয়সি শিশুদের হামের দুটি টিকা দেওয়া হলেও, এর অতিরিক্ত হিসেবে প্রতি চার বছর পরপর হামের টিকা দেওয়ার যে বিশেষ কর্মসূচি নেওয়া হয়, ২০২৪ সালে তা হয়নি। "২০২০ সালে করোনা, ২০২৪ সালে রাজনৈতিক পরিস্থিতিসহ বিভিন্ন কারণে হামের টিকাদানের বিশেষ ক্যাম্পেইন হয়নি এবং এরপর চলতি বছরের এপ্রিলে করার কথা থাকলেও সেটি হয়নি,„ বলছিলেন মি. সাজ্জাদ। চলতি বছরের শুরু থেকেই এই রোগটির প্রকোপের সম্ভাবনা প্রকাশ পাচ্ছিল। বিশেষ করে, জানুয়ারির শুরুতে কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প ও ঢাকার কিছু বস্তিতে রোগটিতে আক্রান্ত হওয়ার সংখ্যা বাড়ছিল। এর পর চলতি মাসেই রাজশাহী মেডিক্যাল কলেজে ভেন্টিলেশনসহ আইসিইউ সুবিধার অভাবে ৩৩টি শিশুর মৃত্যুর খবর দেশের সংবাদ মাধ্যমে প্রকাশিত হওয়ার পর এ নিয়ে উদ্বেগ তৈরি হয়। যদিও এদের ১০ থেকে ১২টি শিশু হামে আক্রান্ত ছিল বলে তথ্য পাওয়া গেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় চলতি মাসে রাজশাহী বিভাগের ১৫৩টি রোগীর নমুনা পরীক্ষা করে ৪৪ জনের হাম নিশ্চিত হওয়া গেছে। চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী ও পাবনায় সংক্রমণ হচ্ছে বলে স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তারা জানিয়েছেন। "এর আগে, ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত আমরা ২০ জন রোগীর নমুনা ঢাকায় পাঠিয়েছিলাম। তার মধ্যে ১০জনই হামে আক্রান্ত রোগী বলে নিশ্চিত হওয়া গেছে,,, বিবিসি বাংলাকে বলছেন চাঁপাইনবাবগঞ্জের সিভিল সার্জন ডা. একেএম শাহাব উদ্দীন। তিনি বলেন, জেলার সব উপজেলাতেই শিশুদের হামে আক্রান্ত হতে দেখা গেছে এবং অনেকে চিকিৎসায় সুস্থ হয়ে উঠছেন। ঢাকার শিশু বিশেষজ্ঞ অধ্যাপক সঞ্জয় কুমার দে বিবিসি বাংলাকে বলেছেন, হামে আক্রান্ত শিশুদের বিষয়ে সতর্ক থাকা জরুরি, কারণ রোগটিতে আক্রান্ত হলে শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যেতে পারে এবং সে কারণে নিউমোনিয়ায় ও ডায়রিয়ায় আক্রান্ত হয়ে মৃত্যুর ঝুঁকি তৈরি হয়। গত বৃহস্পতিবার পর্যন্ত রাজশাহীতে অন্তত ৮০ জনকে আইসিইউতে নেওয়ার সুপারিশ চিকিৎসকরা করলেও, সবাইকে সেই সুবিধা দেওয়া যায়নি। আবার আইসিইউতে নেওয়ার পরেও মারা গেছে ৯ জন। ঢাকার সংক্রামক ব্যাধি হাসপাতালে চলতি বছরের শুরু থেকে চারশোর বেশি রোগী হাম সন্দেহে ভর্তি হয়েছে, যাদের অধিকাংশের হাম শনাক্ত হওয়ার তথ্য দিয়েছেন সেখানকার একজন কর্মকর্তা। ঢাকার এই হাসপাতালটিতে হাম, বসন্ত, ধনুষ্টংকার, কালাজ্বর ও জলাতঙ্ক রোগের চিকিৎসা দেওয়া হয়।

**রোগটি সম্পর্কে তথ্য**

চিকিৎসকরা বলছেন, সাম্প্রতিক বছরগুলোতে কিছু গবেষণায় তারা দেখতে পাচ্ছিলেন যে, নয় মাস বয়সের আগেই শিশুরা হাম রোগে আক্রান্ত হচ্ছে। অথচ সম্প্রসারিত টিকাদান বা ইপিআই কর্মসূচিতে শিশুদের প্রথম এই টিকা দেওয়া হয় ৯ মাস বয়সে। সে কারণে অনেকে হামের টিকার সময়সীমা এগিয়ে আনার পক্ষে মত দিচ্ছেন। আবার এতদিন ধরে স্থানীয় প্রতিষ্ঠানের উৎপাদিত যে ভ্যাকসিন দেওয়া হচ্ছিল, তার মান ঠিক আছে কি-না, তা নিয়েও উদ্বেগ আছে অনেকের মধ্যে। শিশু বিশেষজ্ঞ অধ্যাপক সঞ্জয় কুমার দে বলছেন, ভাইরাসের সংস্পর্শে আসার এক থেকে দুই সপ্তাহের মধ্যে হামের লক্ষণ দেখা যায়। আর একজন হাম আক্রান্ত ব্যক্তি থেকে আরও অন্তত ১৮ জন সংক্রমিত হতে পারে। "এর প্রথম পর্যায়ে অনেক জ্বর, কাশি, নাক দিয়ে পানি পড়া, চোখ লাল ও আলো সহ্য করতে না পারার (চোখ ওঠা) মতো উপসর্গ দেখা দেয়। এটি একটি ভাইরাল ও খুবই ছোঁয়াচে রোগ। এতে আক্রান্ত হলে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যেতে পারে। তখন শিশু নিউমোনিয়া ও লুজ মোশনে আক্রান্ত হতে পারে। আবার এসব হলে পুষ্টিহীনতা দেখা দেয়। সব মিলিয়ে শিশুর জীবনকে ঝুঁকিতে ফেলতে পারে এই রোগ,,, বিবিসি বাংলাকে বলেছেন তিনি। চিকিৎসকদের মতে, বেশিরভাগ সময় হামে আক্রান্ত শিশুকে হাসপাতালে আলাদা ব্যবস্থাপনায় রেখে চিকিৎসা দিতে হয়। তবে রোগটিকে প্রতিরোধযোগ্য উল্লেখ করে সঞ্জয় কুমার দে বলেন, সময়মতো টিকা নিলে এ রোগ থেকে শিশুকে সুরক্ষা দেওয়া সম্ভব।

**পরিস্থিতি সামাল দিতে কী করা হচ্ছে**

স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল বলেছেন, মিজেলসের (হাম) রোগী অনেক বেড়েছে। আট বছর আগে মিজেলসের ভ্যাকসিন দেওয়া হয়েছে এবং এরপর ভ্যাকসিন কোনো গভর্নমেন্ট দেয়নি। "গত ১৫ দিনে হামের প্রবণতা বেড়েছে। তবে এখনো আমাদের সক্ষমতা রয়েছে। সংক্রামক ব্যাধি হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। পাশাপাশি, ডিএনসিসি হাসপাতালে হামের জন্য আলাদা কর্নার করা হয়েছে। সংক্রামক ব্যাধি হাসপাতালে আইসিইউ রেডি করা হয়েছে, উইথ ভেন্টিলেটর,,, আজ ঢাকায় এক অনুষ্ঠানে সাংবাদিকদের বলেছেন তিনি। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (হাসপাতাল) আবু হোসেইন মো. মইনুল আহসান বিবিসি বাংলাকে বলেছেন, সুনির্দিষ্ট কিছু এলাকায় বেশি আক্রান্ত হলেও কমবেশি সারা দেশেই হামে আক্রান্ত হওয়ার তথ্য পাচ্ছেন তারা। "বড়ো দশটি মেডিক্যাল কলেজে আলাদা ওয়ার্ড খোলা হয়েছে। সব আইসিউতে এসব রোগীকে চিকিৎসা দেওয়া যায় না। তাই আলাদা করে আইসিউর ব্যবস্থা করা হচ্ছে সংক্রামক ব্যাধি হাসপাতালে," বলেছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৩.২০২৬ আলী আহমেদ)

## হোম অফিস, রেশনিং- জ্বালানি তেলের বাড়তি দাম যেভাবে মোকাবিলা করছে বিভিন্ন দেশ

তপ্ত রোদে জ্বালানির জন্য অপেক্ষমাণ মোটরসাইকেল ও গাড়ির দীর্ঘ সারি দেখা যাচ্ছে মিয়ানমার জুড়ে। তৃতীয় সপ্তাহে গড়ানো এই জ্বালানি সংকটে সারিতে দাঁড়িয়ে থাকা অবস্থায় অতিরিক্ত তাপমাত্রার কারণে অনেকেই অজ্ঞান হয়ে পড়ছেন এবং তাপজনিত ক্লান্তিতে মৃত্যু হয়েছে এমন তিনটি ঘটনারও খবর পাওয়া গেছে। শুধু মিয়ানমারই নয়, যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ প্রায় এক মাস ধরে বৈশ্বিক তেল সরবরাহ শৃঙ্খল ব্যাহত করছে, ফলে বিশ্বের বিভিন্ন দেশে পেট্রোল স্টেশনে দীর্ঘ লাইন দেখা যাচ্ছে। করছাড়, জ্বালানির কোটায় শিথিলতা এবং খরচ কমানোর পদক্ষেপসহ উচ্চ জ্বালানি মূল্যের প্রভাব মোকাবিলায় বিশ্বজুড়ে বিভিন্ন সরকার নানা ধরনের নীতি হাতে নিয়েছে।

**পূর্ব আফ্রিকায় পচনশীল পণ্য রপ্তানিতে অগ্রাধিকার**

কেনিয়ায় বাণিজ্য বিঘ্নিত হওয়ায় সরকার পচনশীল পণ্যের রপ্তানিকে অগ্রাধিকার দিচ্ছে। দ্য নেশন নামে একটি স্থানীয় পত্রিকার তথ্য অনুযায়ী, কেনিয়া পোর্টস অথরিটি ফুল, অ্যাভোকাডো ও সবজির মতো তাজা পণ্য দ্রুত খালাস ও রপ্তানি নিশ্চিত করতে বন্দর কার্যক্রমে পরিবর্তন এনেছে। একই সময়ে দেশের ফুল শিল্প কয়েক মিলিয়ন ডলারের ক্ষতির

সম্মুখীন হচ্ছে। কেনিয়া ফ্লাওয়ার কাউন্সিল, যা দেশটির চাষি ও রপ্তানিকারকদের একটি বেসরকারি সংগঠন জানিয়েছে, চলমান সংঘাতের কারণে তিন সপ্তাহে ক্ষতির পরিমাণ ৪.২ মিলিয়ন বা ৪২ লাখ ডলারের বেশি। কেনিয়ার কিছু চা চাষি ও রপ্তানিকারক বিবিসিকে বলেছেন, উৎপাদন ও পরিবহণ ব্যয় বাড়তে থাকায় তারা ভবিষ্যৎ নিয়ে অনিশ্চিত। পাশের দেশ ইথিওপিয়ায় প্রধানমন্ত্রী আবি আহমেদ জ্বালানি বিতরণকারী প্রতিষ্ঠান, সার্ভিস স্টেশন এবং ভোক্তাদের জ্বালানি সাশ্রয় করতে এবং জরুরি সেবাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন।

**নাইজেরিয়ায় যানবাহন রূপান্তর**

ইরানে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে নাইজেরিয়ায় পেট্রোলের দাম প্রায় দ্বিগুণ হয়েছে। নাইজেরিয়া বড়ো তেল উৎপাদনকারী দেশ হলেও, তাদের কোনো সরকার–মালিকানাধীন রিফাইনারিই চালু নেই। ডাঙ্গোতে রিফাইনারি, যা একটি বেসরকারি প্রতিষ্ঠান- গত বছর চালু হওয়ার আগ পর্যন্ত দেশটি বছরের পর বছর আমদানি করা পরিশোধিত জ্বালানির ওপর নির্ভর করত। নতুন রিফাইনারি পাম্পে পেট্রোলের দাম কিছুটা কমাতে সাহায্য করলেও যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানে হামলার উল্লেখযোগ্য প্রভাব পড়েছে। পরিবহণ খরচ কমাতে প্রেসিডেন্ট বোলা আহমেদ টিনুবু সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) চালিত যানবাহনে রূপান্তর, কিট এবং বৈদ্যুতিক যান (ইভি) সম্প্রসারণের পরিকল্পনা করছেন। এতে বড়ো ও ছোটো রিফুয়েলিং স্টেশন, সমন্বিত রিফুয়েলিং ইউনিট, সিএনজিচালিত যানবাহন এবং রূপান্তর কর্মসূচিসহ সিএনজি অবকাঠামো স্থাপন যুক্ত থাকবে।

প্রেসিডেন্ট আরও বলেছেন, এই উদ্যোগ দেশব্যাপী বিদ্যুৎচালিত যানবাহন বা ইভি উন্নয়ন, চার্জিং অবকাঠামো এবং সংশ্লিষ্ট বিনিয়োগ সম্প্রসারণেও নেতৃত্ব দেবে। টিনুবু সারা নাইজেরিয়ায় দ্রুত গাড়ি রূপান্তর কিট বিতরণের ওপর জোর দিচ্ছেন, যাতে এগুলো সাশ্রয়ী ও সহজলভ্য থাকে। তিনি বলেছেন, ”এটি অর্জনে এই উদ্যোগ ক্রেডিটকর্প নাইজেরিয়া, আর্থিক প্রতিষ্ঠান এবং অন্যান্য অংশীদারদের সঙ্গে কাজ করবে, যাতে নতুন, সাশ্রয়ী অর্থায়ন মডেল তৈরি করা যায়, যা সাধারণ মানুষের কাছে এসব রূপান্তর সহজলভ্য করে তুলবে।„ টিনুবু মোবাইল রিফুয়েলিং ইউনিট (এমআরইউ) দ্রুত চালুর নির্দেশও দিয়েছেন, যাতে সিএনজির সহজলভ্যতা বাড়ে। তিনি বলেন, এই উদ্যোগের আওতায় গ্যাসচালিত যানবাহন ও বিদ্যুৎচালিত যানবাহন দুটোই থাকবে।

**ভিয়েতনামে কর প্রত্যাহার**

ভিয়েতনাম সরকার ২৭ মার্চ থেকে ১৫ এপ্রিল পর্যন্ত জ্বালানির ওপর পরিবেশ কর প্রত্যাহারের জরুরি সিদ্ধান্ত নিয়েছে। ”জাতীয় স্বার্থে„এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে ২৬ মার্চ সরকারি বিবৃতিতে বলা হয়েছে। এই নতুন পদক্ষেপকে ইরানে যুদ্ধের ধাক্কা থেকে তেলের বাজারকে কিছুটা সুরক্ষা দেওয়ার উপায় হিসেবে দেখা হচ্ছে। এর ফলে বৈশ্বিক তেলের দাম কমা এবং কর হ্রাস, এই দুইয়ের প্রভাবে ভিয়েতনামে জ্বালানির দাম বাস্তবে নিচে নেমেছে, যদিও সরকারকে রাজস্বের বড়ো ক্ষতির মুখোমুখি হতে হয়েছে। ভিয়েতনাম আমদানিকৃত জ্বালানির ওপর ব্যাপক নির্ভরশীল-দুটি রিফাইনারি (নিঘি সন ও বিন সন) থাকলেও, তাই দেশটি মার্চের শুরু থেকেই জ্বালানি সাশ্রয়ের পদক্ষেপ গ্রহণ শুরু করে। জ্বালানি সাশ্রয়ের অংশ হিসেবে ভিয়েতনাম নাগরিক ও সরকারি কর্মীদের বাড়ি থেকে কাজ করতে উৎসাহিত করেছে।

সম্প্রতি দেশটির সরকার কাতার, কুয়েত, আলজেরিয়া ও জাপানসহ কয়েকটি দেশের কাছে জ্বালানি সরবরাহে সহায়তা চেয়েছে। আর ২৩ মার্চ প্রধানমন্ত্রী ফাম মিন চিন রাশিয়া সফরকালে দুই দেশের মধ্যে তেল ও গ্যাস উৎপাদন বিষয়ে একটি চুক্তি সই করা হয়েছে। শুধু ভিয়েতনাম নয়, বাড়ি থেকে কাজ করতে উৎসাহিত করা মিয়ানমারের নীতিরও একটি গুরুত্বপূর্ণ অংশ।

**মিয়ানমারে জ্বালানি রেশনিং**

মিয়ানমারের সামরিক সরকার বলছে, ২৭ মার্চ থেকে ইঞ্জিনের আকার অনুযায়ী জ্বালানি রেশনিং ব্যবস্থা চালু হবে। তারা জানিয়েছে, জ্বালানি সরবরাহ আপাতত পর্যাপ্ত থাকলেও ভবিষ্যতে সম্ভাব্য জ্বালানি সংকট মোকাবিলার প্রস্তুতি হিসেবে এ ধরনের সাশ্রয়ী পদক্ষেপ নেওয়া হচ্ছে। সামরিক কাউন্সিলের অধীনস্থ জ্বালানি মন্ত্রণালয় জানিয়েছে, ঘাটতি রোধে তারা জ্বালানি ব্যবহারের ওপর নজরদারি ও নিয়ন্ত্রণ চালাচ্ছে। সামরিক সরকার আরও ঘোষণা করেছে যে, জ্বালানি সংকট প্রতিরোধ ও ব্যবহার কমানোর লক্ষ্যে ২৫ মার্চ ২০২৬ থেকে সরকারি দপ্তরগুলোতে প্রতি সপ্তাহে বুধবার 'ওয়ার্ক ফ্রম হোম' (ডব্লিউএফএইচ) ব্যবস্থা চালু করা হবে। বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে সম্ভব হলে বাড়ি থেকে কাজের ব্যবস্থা গ্রহণে উৎসাহিত করা হয়েছে।

রেশনিং ব্যবস্থার আওতায় প্রতি সপ্তাহে একবার জ্বালানি কেনা যাবে, অথবা সর্বোচ্চ দুই কিস্তিতে কেনা যাবে এবং বরাদ্দ ট্র্যাক করা হবে বারকোড ও কিউআর কোডের মাধ্যমে। শুধু উইন্ডশিল্ডে সরকারি হোলোগ্রামযুক্ত স্টিকার থাকা যানবাহন জ্বালানি কিনতে পারবে এবং বিক্রির আগে স্টেশনকর্মীদের কোড স্ক্যান করতে হবে। মোটরসাইকেল প্রতি সপ্তাহে সর্বোচ্চ আট লিটার জ্বালানি দুই কিস্তিতে কিনতে পারবে। তিন চাকার যানবাহন সর্বোচ্চ ২৫ লিটার তিন কিস্তিতে। ব্যক্তিগত ও সরকারি গাড়ি ইঞ্জিনের আকার অনুযায়ী (২,০০০ সিসি থেকে ৩,০০০ সিসির ওপরে) প্রতি

সপ্তাহে ৩৫ থেকে ৪৫ লিটার পর্যন্ত কিনতে পারবে-দুই কিস্তিতে। জরুরি ও জনসেবা প্রদানকারী গাড়িগুলোর জন্য কোনো নির্দিষ্ট সীমা থাকবে না।

**থাইল্যান্ডে ডিজেল ফুরিয়ে যাওয়া**

গত দুই সপ্তাহ ধরে থাইল্যান্ডজুড়ে, বিশেষ করে ব্যাংককের বাইরে পেট্রোল স্টেশনগুলোয় ডিজেল সরবরাহ শেষ হয়ে গেছে এবং প্রথমেই যে জ্বালানিটি ফুরিয়েছে, সেটি ছিল ডিজেল। এই সংকট বিভিন্ন খাতকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে দৈনন্দিন যানবাহনের চালক থেকে শুরু করে কৃষি ও মৎস্য শিল্প, যাদের গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি সচল রাখতে ডিজেলের ওপর নির্ভরতা রয়েছে। কর্তৃপক্ষ বড়ো সংরক্ষণাগার ও স্বতন্ত্র ট্যাংক উভয়টিরই পরিদর্শন শুরু করেছে। নতুন বিধিমালায় জ্বালানি কোম্পানিগুলোকে রিজার্ভ মজুত থেকে সরবরাহ নেওয়ার অনুমতি দেওয়া হয়েছে এবং ২৪ ঘণ্টা পরিবহণ চালুর অনুমতিও দেওয়া হয়েছে যাতে বিতরণে বাধা কমে। মার্চের শুরু থেকে ঘোষিত অন্যান্য নীতির মধ্যে রয়েছে বাড়ি থেকে কাজের ব্যবস্থা, সরকারি ভবনগুলোতে জ্বালানি ব্যবহার কমানো, যার মধ্যে রয়েছে এয়ার কন্ডিশন ২৬ ডিগ্রি সেলসিয়াসের নিচে না রাখা এবং সরকারি কর্মীদের আনুষ্ঠানিক পোশাকের পরিবর্তে হালকা পোশাক (হাফহাতা) পরার অনুমতি। সরকার সব সরকারি বিভাগের বিদেশ সফরও অবিলম্বে স্থগিত করেছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৯.০৩.২০২৬ আলী আহমেদ)

## সৌদি আরব ১০টি ড্রোন প্রতিহত করেছে : প্রতিরক্ষা মন্ত্রণালয়

গত কয়েক ঘণ্টায় ১০টি ড্রোন প্রতিহত করার কথা জানিয়েছে সৌদি আরব। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় সামাজিক যোগাযোগ মাধ্যমে এই তথ্য জানিয়েছে। সংযুক্ত আরব আমিরাত এবং কুয়েতসহ উপসাগরীয় অন্যান্য দেশগুলোও গত রাতে তাদের ওপর হামলার খবর জানিয়েছে। দুবাইয়ে অবস্থানরত বিবিসির সংবাদদাতা জানিয়েছেন, গত ২৪ ঘণ্টায় এই অঞ্চল বারবার হামলার শিকার হয়েছে, যার মধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ অবকাঠামোও রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## আলোচনার কথা বললেও গোপনে স্থল অভিযানের পরিকল্পনা করছে শত্রুরা : ইরানের স্পিকার

যুক্তরাষ্ট্রকে ইঙ্গিত করে ইরানি পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, ”তারা প্রকাশ্যে আলোচনার কথা বললেও, গোপনে স্থল অভিযানের পরিকল্পনা করছে।„ যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও ইরান যুদ্ধ শুরুর ৩০তম দিনে নিজের টেলিগ্রাম চ্যানেলে দেওয়া এক বার্তায় মি. গালিবাফ বলেছেন, ”মার্কিন সৈন্যদের স্থলপথে আসার অপেক্ষায় আছে আমাদের যোদ্ধারা। যেন তাদের ওপর হামলা করা যায় এবং তাদের আঞ্চলিক সহযোগীদের চিরতরে শাস্তি দেওয়া যায়।„ ওই বার্তায় ইরানের স্পিকার ওয়াশিংটনের প্রস্তাবিত শান্তি পরিকল্পনার কথা উল্লেখ করেছেন। তিনি বলেন, ”আমেরিকা তাদের ইচ্ছার কথা বলছে। তারা যুদ্ধে অর্জন করতে পারেনি এমন ১৫ দফার একটি তালিকা প্রকাশ করে কূটনীতির মাধ্যমে তা আদায় করতে চাইছে।„ এদিকে, ওয়াশিংটন পোস্টের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইরানে কয়েক সপ্তাহব্যাপী একটি স্থল অভিযানের প্রস্তুতি নিচ্ছে পেন্টাগন। তবে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ওই অভিযানে শেষ পর্যন্ত অনুমোদন দেবেন কী-না, তা এখনও স্পষ্ট নয় বলেও উল্লেখ করা হয় রিপোর্টে।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## 'ইয়েমেনি জলসীমা এড়িয়ে চলুন, : ইইউ সামুদ্রিক নিরাপত্তা সংস্থার সতর্কতা

ইউরোপীয় ইউনিয়নের সামুদ্রিক নিরাপত্তা সংস্থা, যে-কোনো পণ্যবাহী জাহাজকে ইয়েমেনের জলসীমায় প্রবেশ না করার জন্য সতর্ক করেছে। কারণ, ইরান সমর্থিত হুথিরা বিশেষ করে লোহিত সাগর ও এডেন উপসাগরে 'বাণিজ্যিক জাহাজের ওপর হামলা' পুনরায় শুরু করতে পারে। শনিবার ইসরায়েলে হুথি বিদ্রোহীদের ক্ষেপণাস্ত্র নিক্ষেপ এবং ভবিষ্যতে আরও হামলার হুমকির প্রেক্ষিতে এ সতর্কতা জারি করা হলো। বিবিসির প্রধান আন্তর্জাতিক সংবাদদাতা লিজ ডুসেট জানিয়েছেন, উত্তর-পশ্চিম ইয়েমেন নিয়ন্ত্রণকারী হুথিরা এখনো পর্যন্ত তাদের সবচেয়ে শক্তিশালী অস্ত্রটি ব্যবহার করেনি। সেটি হলো- বাব আল-মান্দাব প্রণালি, যা মূলত লোহিত সাগরকে বিশ্ব বাণিজ্যের সাথে সংযুক্ত করেছে। হুথিরা এখনো পর্যন্ত এ প্রণালিতে জাহাজ চলাচল বন্ধ করে দেয়নি। ইউরোপীয় ইউনিয়নের নেভাল ফোর্স অ্যাসপাইডস জানিয়েছে, যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের সাথে সম্পৃক্ত বাণিজ্যিক জাহাজগুলোর উচিত 'বিপদ না কমা পর্যন্ত' ইয়েমেনের জলসীমা এড়িয়ে চলা। শনিবার প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েলি স্বার্থের সাথে যুক্ত জাহাজগুলোর জন্য হুমকির মাত্রা ”উচ্চ„। অন্যদিকে, ইসরায়েল বা যুক্তরাষ্ট্রের সাথে যুক্ত নয় এমন জাহাজের জন্য হুমকির মাত্রা ”মাঝারি„ ধরা হয়েছে। উল্লেখ্য যে, ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে ২০২৩ সালের নভেম্বর থেকে লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজে হামলা শুরু করে ইরান সমর্থিত হুথি বিদ্রোহীরা। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## যুদ্ধ বন্ধে ইসলামাবাদে বৈঠকে বসতে যাচ্ছে মিশর, তুরস্ক, সৌদি আরব এবং পাকিস্তান

মধ্যপ্রাচ্যে যে-কোনো ভবিষ্যৎ শান্তি আলোচনায় উপসাগরীয় দেশগুলো নিজেদের অংশগ্রহণ নিশ্চিত করতে চায়। এ লক্ষ্যে আজ ইসলামাবাদে বৈঠকে বসতে যাচ্ছেন মিশর, তুরস্ক, সৌদি আরব এবং পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীরা।

দুইদিনব্যাপী এ আলোচনার মূল আলোচ্য বিষয় ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ এবং সবশেষ যুদ্ধে হুথিদের যোগদান- সব মিলে মধ্যপ্রাচ্যে যে ব্যাপক অচলাবস্থা তৈরি হয়েছে, তা নিরসনে করণীয় নির্ধারণ করা। এর আগে, ইরান এবং যুক্তরাষ্ট্রের মধ্যে একটি শান্তি আলোচনায় মধ্যস্থতা করার জন্য উদ্যোগী হয়ে প্রস্তাব দিয়েছিল পাকিস্তান, মিশর এবং তুরস্ক। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে আমেরিকা জুড়ে বিক্ষোভ

যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে এবং ইরান যুদ্ধবিরোধী বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ওয়াশিংটন ডিসি, নিউ ইয়র্ক, শিকাগো, ভার্জিনিয়া, মিনেসোটা, লুইসভিল, ন্যাশভিলসহ বড়ো শহরগুলোতে এটি 'নো কিংস' র‍্যালি নামে আয়োজিত হচ্ছে। অতীতে এই একই নামে এ ধরনের সমাবেশ হয়েছে, যেখানে এর আগে লক্ষ লক্ষ লোকের সমাগম ঘটেছিল। আয়োজকেরা বলছেন, তারা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চাপিয়ে দেওয়া বিভিন্ন নীতির বিরুদ্ধে প্রতিবাদ করছেন, যার মধ্যে রয়েছে ইরানের সাথে যুদ্ধ, ফেডারেল অভিবাসন আইন প্রয়োগ এবং জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয়। আয়োজকরা বলেছেন, "ট্রাম্প একজন স্বৈরাচারী হিসেবে আমাদের ওপর কর্তৃত্ব করতে চান। কিন্তু এটা আমেরিকা, আর ক্ষমতার মালিক জনগণ- রাজা হতে চাওয়া কোনো ব্যক্তি কিংবা তাদের ধনকুবের বন্ধুদের হাতে ক্ষমতা থাকে না এখানে।„ এদিকে, হোয়াইট হাউজের একজন মুখপাত্র এই প্রতিবাদকে 'ট্রাম্প ডিরেঞ্জমেন্ট থেরাপি সেশন' অর্থাৎ মানসিক বিকারগ্রস্ত মানুষের থেরাপি সেশন বলে অভিহিত করেছেন এবং বলেছেন, একমাত্র সাংবাদিকরাই এ বিষয়টি নিয়ে আগ্রহী, 'যাদেরকে সংবাদ প্রচারের জন্য টাকা দেওয়া হয়'।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## ইরানি ক্ষেপণাস্ত্র হামলায় ইসরায়েলে শিল্প এলাকায় আগুন, খবর ইসরায়েলি গণমাধ্যমের

ইসরায়েলের দক্ষিণে নেগেভ মরুভূমিতে একটি শিল্প এলাকায় আগুন লেগেছে বলে খবর প্রকাশ করেছে ইসরায়েলি গণমাধ্যম। ইসরায়েলের সরকারি সম্প্রচার মাধ্যম কান, চ্যানেল ১২ এবং টাইমস অফ ইসরায়েল এমন ফুটেজ শেয়ার করেছে। এই ফুটেজে দেখা যাচ্ছে, বীরশেবা শহরের দক্ষিণে অবস্থিত নে'ওত হোভাব শিল্প কমপ্লেক্স থেকে ঘন কালো ধোঁয়া উড়ছে। তবে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি বলে জানিয়েছে ইসরায়েলের গণমাধ্যমগুলো। সংবাদ সংস্থা এএফপির বরাত দিয়ে ইসরায়েলি সামরিক বাহিনী জানিয়েছে, ক্ষেপণাস্ত্রের স্প্লিন্টারের প্রভাবে এই ঘটনা হতে পারে। এর আগে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) ঘোষণা করেছিল, তারা ইরান থেকে নিক্ষেপ করা ক্ষেপণাস্ত্র প্রতিহত করার জন্য কাজ করছে। (বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

## ইরানের হামলায় সৌদি আরবের বিমানঘাঁটিতে মার্কিন বিমান ধ্বংস

সৌদি আরবের প্রিন্স সুলতান বিমান ঘাঁটিতে একটি বিধ্বস্ত মার্কিন এডব্লিউএসিএস বিমানের ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে, যার সত্যতা বিবিসি নিশ্চিত করেছে। দুইদিন আগেই এই ঘাঁটিতে হামলার হুমকি দিয়েছিল ইরানের বিপ্লবী গার্ড বাহিনী। পরবর্তীতে তারা এই বিশেষ বিমান এবং বেশ কয়েকটি জ্বালানি সরবরাহকারী বিমান ধ্বংস করার ঘোষণা দেয়। ছড়িয়ে পড়া ছবিগুলোতে বিধ্বস্ত বিমানটির নম্বর পরিষ্কার দেখা যাচ্ছে। বর্তমানে যুক্তরাষ্ট্রের কাছে ১৬টি সচল "বোয়িং এ-৩ সেন্ট্রি„ বা এডব্লিউএসিএস বিমান রয়েছে, যা এই হামলার ফলে কমে ১৫টি হবে। বিমানটির ফ্লাইটের তথ্য পর্যালোচনা করে দেখা গেছে, হামলার আগে প্রিন্স সুলতান বিমান ঘাঁটিতে অন্তত ছয়টি এডব্লিউএসিএস বিমান মোতায়েন ছিল। তবে এ বিষয়ে যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেনি।
(বিবিসি ওয়েব পেজ: ২৯.০৩.২০২৬ এলিনা)

# এনএইচকে

## ইউক্রেন বিষয়ে ত্রিপক্ষীয় শান্তি আলোচনা পুনরায় শুরু হওয়ার সম্ভাবনা অনিশ্চিত

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি আভাস দিয়েছেন যে, আলোচনা কোথায় অনুষ্ঠিত হবে, তা নিয়ে ভিন্নমতের কারণে ইউক্রেন, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মধ্যকার ত্রিপক্ষীয় বৈঠক পুনরায় শুরু হওয়ার সম্ভাবনা অনিশ্চিত হয়ে পড়েছে। ইউক্রেনের জন্য একটি শান্তি পরিকল্পনা নিয়ে আলোচনা করতে তিনটি দেশের উচ্চপদস্থ কর্মকর্তারা এ বছর তিনবার বৈঠক করেছেন। তবে ইরান-সম্পর্কিত সংঘাতের কারণে আলোচনা স্থগিত রয়েছে। শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে করা এক পোস্টে জেলেনস্কি লেখেন যে, ইউক্রেনের আলোচকরা প্রতিদিন তাদের মার্কিন প্রতিপক্ষের সঙ্গে কথা বলছেন। তবে তিনি প্রকাশ করেন যে, মার্কিন পক্ষ বলছে, তারা কেবল যুক্তরাষ্ট্রেই বৈঠক করতে পারবে, অন্যদিকে রাশিয়া দাবি করছে, তারা আমেরিকা ছাড়া যে-কোনো জায়গায় বৈঠক করতে পারে। জেলেনস্কি বলেন যে, ইরানের সঙ্গে বিরোধের দরুণ নিরাপত্তাজনিত কারণে মার্কিন আলোচকরা তাদের দেশত্যাগ করবেন না। রুশ কূটনৈতিক সূত্রসমূহ এনএইচকে-কে জানায় যে, তারা যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য আলোচনায় অংশ নেবে না।(এনএইচকে ওয়েবপেইজ: ২৯.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### জুলাই সনদ নিয়ে মঙ্গলবার সংসদে আলোচনা

জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ ও সংবিধান সংস্কার পরিষদ অধিবেশন-সংক্রান্ত আলোচনার জন্য সংসদে বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের নোটিশের প্রেক্ষিতে ডেপুটি স্পিকার কায়সার কামাল মঙ্গলবার দিনের কর্মদিবসের শেষদিকে এ বিষয়ে আলোচনার জন্য দুই ঘণ্টা বরাদ্দ দিয়েছেন। সংসদে রোববার প্রশ্নোত্তর পর্ব শেষে অনির্ধারিত আলোচনায় অংশ নিয়ে শফিকুর রহমান বলেন, "গত ১৫ মার্চ সংসদ অধিবেশনে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে আমি অতি জনগুরুত্বপূর্ণ একটি বিষয় উত্থাপন করেছিলাম। স্পিকার আমাকে যথাযথভাবে নোটিশ জমা দেওয়ার পরামর্শ দেন। আমরা তা করেছি। এখন আপনার মাধ্যমে এই মহান সংসদে নোটিশটি উপস্থাপন করছি।„ এ সময় চিফ হুইপ নুরুল ইসলাম মনি বলেন, "প্রচলিত নিয়ম অনুযায়ী তারকা চিহ্নিত প্রশ্ন ও ৭১ বিধির পর এ ধরনের প্রস্তাব বা নোটিশ উত্থাপিত হয়। আমি বিরোধীদলীয় নেতাকে অনুরোধ করবো, নিয়ম শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে।„ পরে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ বক্তব্য দিতে দাঁড়িয়ে বলেন, "বিরোধীদলীয় নেতার প্রস্তাবের বিষয়ে আমাদেরও কিছু বলার আছে। তবে সংসদের শৃঙ্খলা বজায় রাখতে হলে এটি প্রশ্নোত্তর পর্ব ও ৭১ বিধি শেষে আলোচনা করা উচিত। এতে অন্য সদস্যদের অধিকারও সুরক্ষিত থাকবে।„ পরে আবার শফিকুর রহমান বলেন, "স্পিকারের নির্দেশনা অনুযায়ী আমি প্রশ্নোত্তর পর্ব শেষে দাঁড়িয়েছি। এটি আমার অধিকার ও দায়িত্ব।„ এরপর সংসদে সরকার ও বিরোধী দলের মধ্যে তর্ক-বিতর্ক হয়।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৯.০৩.২০২৬ রুবাইয়া)

### গ্রিক উপকূলে ২২ অভিবাসীর মৃত্যু, ১৮ জন বাংলাদেশি

ইউরোপে পৌঁছার আশায় নৌকায় করে লিবিয়া থেকে যাত্রা করা ২২ অভিবাসী 'খারাপ আবহাওয়া এবং পানি ও খাবারের অভাবে' মারা গেছেন। তাদের মধ্যে ১৮ জনই বাংলাদেশি। উত্তর আফ্রিকা থেকে ইউরোপে পৌঁছানোর চেষ্টা করা অন্তত ২২ জন অভিবাসী ছয়দিন সমুদ্রে ভাসমান থাকার পর মৃত্যুবরণ করেছেন। বেঁচে যাওয়াদের বরাতে শনিবার গ্রিক উপকূলরক্ষী বাহিনী এই তথ্য জানিয়েছে। এর মধ্যে ১৮ জন বাংলাদেশি নিহত হওয়ার তথ্য নিশ্চিত করেছে বাংলাদেশের সরকারও। অনিয়মিত উপায়ে ইউরোপে পৌঁছানোর আশায় এই অভিবাসীরা গত ২১ মার্চ লিবিয়া থেকে যাত্রা করেন। ছয়দিন ভূ-মধ্যসাগরে ভাসার পর শুক্রবার তারা গ্রিসের ক্রিট দ্বীপের দক্ষিণের একটি শহর থেকে ৫৩ নটিক্যাল মাইল দূরে এসে পৌঁছান। বার্তা সংস্থা এএফপিকে গ্রিক উপকূলরক্ষী বাহিনী জানিয়েছে, তারা ২৬ জনকে নৌকা থেকে জীবিত উদ্ধার করেছেন। এর মধ্যে ২১ জন বাংলাদেশি, চারজন সুদানিজ এবং একজন চাঁদের নাগরিক।

**১৮ জনের ১০ জন সুনামগঞ্জের**

বাংলাদেশের প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক এই ঘটনায় ১৮ বাংলাদেশির প্রাণহানির তথ্য নিশ্চিত করেছেন। নিহতদের ১০ জনই সুনামগঞ্জের বাসিন্দা বলে জানিয়েছে বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। তাদের মধ্যে পাঁচজন জগন্নাথপুর উপজেলার, চারজন দিরাই উপজেলার এবং একজন দোয়ারা বাজার উপজেলার। ডেইলি স্টার প্রতিমন্ত্রী নুরুল হকের বরাতে জানিয়েছে, বাংলাদেশ মিশন গ্রিসের কোস্টগার্ড ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ শুরু করেছে। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) সহায়তায় বেঁচে যাওয়া ব্যক্তিদের সহযোগিতা এবং নিহতদের মরদেহ দেশে ফিরিয়ে আনার উপায় খোঁজা হচ্ছে। সুনামগঞ্জের ডিসি মোহাম্মদ ইলিয়াস মিয়া ডেইলি স্টারকে বলেন, "যেহেতু তারা বৈধ পথে যাননি, তাই সরকারিভাবে আগে থেকে কোনো তথ্য ছিল না। তবে আমরা স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নির্দেশনা দিয়েছি ভুক্তভোগী পরিবারগুলোকে খুঁজে বের করে তথ্য সংগ্রহ করতে, যাতে পাচারকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া যায়।„

**'মৃতদের সমুদ্রে ফেলে দেওয়া হয়'**

সমুদ্র থেকে জীবিত উদ্ধার হওয়ারা তাদের যাত্রার বর্ণনা দিয়েছেন গ্রিক উপকূলরক্ষীদের কাছে। তাদের বরাতে পাওয়া তথ্য অনুযায়ী, নৌকাটি পূর্ব লিবিয়ার বন্দর নগরী তোবরুক থেকে ২১ মার্চ গ্রিসের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছিল। কোস্টগার্ডের বিবৃতিতে বলা হয়েছে, নৌকাটি দিক হারিয়ে ফেলে এবং খাবার ও পানীয় ছাড়াই যাত্রীরা ছয়দিন ধরে সমুদ্রে ভাসতে থাকে। তারা আরও জানিয়েছে, মৃতদের দেহ 'একজন পাচারকারীর নির্দেশে সমুদ্রে ফেলে দেওয়া হয়।' এই ঘটনায় পাচারকারী সন্দেহে গ্রিক কর্তৃপক্ষ ২৯ ও ২২ বছর বয়সি দুইজন দক্ষিণ সুদানিজ নাগরিককে গ্রেফতার করেছে বলে জানানো হয়েছে। তাদের বিরুদ্ধে এখন 'অবৈধ অনুপ্রবেশ' এবং 'অবহেলাজনিত হত্যাকাণ্ডের' অভিযোগে তদন্ত চলছে। কোস্টগার্ডের এক মুখপাত্র বার্তা সংস্থা এএফপিকে জানান, যাত্রাপথে নৌকাটি 'প্রতিকূল আবহাওয়ার' মুখোমুখি হয়। সেই সঙ্গে যোগ হয় খাদ্য ও পানির অভাব। সব মিলিয়ে 'ক্লান্তিজনিত কারণে ২২ জনের মৃত্যু হয়' বলে জানান তিনি। আরও বলেন, "বেঁচে যাওয়া ব্যক্তিদের সাক্ষ্য অনুযায়ী, মৃতদের দেহ সমুদ্রে ফেলে দেওয়ার নির্দেশ দিয়েছিল গ্রেফতারকৃত দুই পাচারকারী।„ উদ্ধার হওয়াদের চিকিৎসা ও নিবন্ধন প্রক্রিয়া চলছে বলে

কর্তৃপক্ষের বরাতে জানিয়েছে বার্তা সংস্থা ডিপিএ। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি ও ফেব্রুয়ারিতে ভূ-মধ্যসাগরে ৫৫৯ জনের মৃত্যু হয়েছে, যেখানে গত বছর একই সময়ে এই সংখ্যা ছিল ২৮৭। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৯.০৩.২০২৬ রুবাইয়া)

## কূটনৈতিক সমঝোতা চেষ্টা সত্ত্বেও স্থল অভিযানের প্রস্তুতি নিচ্ছে যুক্তরাষ্ট্র, দাবি ইরানের

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনায় প্রকাশিত এক বিবৃতিতে তিনি বলেন, ”শত্রুপক্ষ প্রকাশ্যে সমঝোতা এবং আলোচনার বার্তা দিচ্ছে, যখন গোপনে স্থল অভিযানের পরিকল্পনা করছে।„ ইরানের যোদ্ধারা মার্কিন সেনাদের `জ্বালিয়ে, দিতে ময়দানে তাদের আগমনের অপেক্ষায় আছে বলেও মন্তব্য করেন গালিবাফ। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে আকাশ পথে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা শুরুর একমাস পর এই কঠোর মন্তব্য করলেন তিনি। সেই হামলার পর ইরানও পাল্টা হামলা অব্যাহত রেখেছে এবং উত্তর এশিয়া বা মধ্যপ্রাচ্য জুড়ে যুদ্ধ ছড়িয়ে পড়েছে। ইরান যুদ্ধের কারণে হরমুজ প্রণালিতে অশোধিত তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাসে (এলএনজি) বহনকারী জাহাজ চলাচল প্রায় স্থবির হয়ে পড়েছে। বিশ্বের বিশ শতাংশ তেল ও গ্যাস এই পথে পরিবহণ করা হয়। বিশ্ব বাজারে এর বিরূপ প্রভাব পড়তে শুরু করেছে। এদিকে, যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম ওয়াশিংটন পোস্টও এক প্রতিবেদনে জানিয়েছে, পেন্টাগনের তরফ থেকে ইরানে স্থল অভিযান পরিচালনার প্রস্তুতি নেওয়া হচ্ছে। তবে শেষ পর্যন্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে স্থল অভিযানের পরিকল্পনায় অনুমোদন দেবেন কিনা, তা এখনো নিশ্চিত নয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৯.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## `কৃষক কার্ড, চালুর বিষয়ে অগ্রগতি জানতে চাইলেন প্রধানমন্ত্রী

`কৃষক কার্ড, চালুর বিষয়ে বিশেষ কমিটির সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার সচিবালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে কৃষিমন্ত্রী আমিনুর রশিদসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব ও ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে `কৃষক কার্ড, চালুর বিষয়ে গঠিত কমিটির কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা করা হয়। গেল ১০ মার্চ দেশের ৩৭ হাজার পরিবারের প্রধান নারীদের হাতে তুলে দেওয়া হয় `ফ্যামিলি কার্ড,। পর্যায়ক্রমে সারা দেশের চার কোটি পরিবারের কাছে এই কার্ড পৌঁছে দেবে সরকার। এর সঙ্গে কৃষকদের মধ্যে `কৃষক কার্ড, বিতরণ শুরু হবে বলে সেদিন ঘোষণা দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সে সময় কৃষকদের দেওয়া প্রতিশ্রুতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, ”গত সপ্তাহে আমরা সরকারের পক্ষ থেকে কৃষকদের ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ সুদসহ মওকুফ করে দিয়েছি। একইভাবে আগামী মাসের ভেতরে আমরা কৃষক ভাইদের কাছেও কৃষক কার্ড তুলে দেবো।„ (জাগো নিউজ ওয়েব পেজঃ২৯.০৩.২০২৬ আসাদ)

## পহেলা বৈশাখ ১১ ব্লকে কৃষক কার্ড উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী

কৃষক কার্ড বাস্তবায়নের প্রি-পাইলটিং কার্যক্রমের ডাটা সংগ্রহ ও ব্যাংক হিসাব খোলার কার্যক্রম আজ (২৯ মার্চ) শেষ হয়েছে। আগামী পহেলা বৈশাখ (১৪ এপ্রিল) প্রধানমন্ত্রী তারেক রহমান `কৃষক কার্ড, বিতরণ কর্মসূচির উদ্‌বোধন করবেন। চলতি বছরে পরীক্ষামূলক বিভিন্ন জেলার ১১টি ব্লকে এ কার্যক্রম শুরু হচ্ছে। তবে দেশের সব প্রান্তিক কৃষকের জন্য এ কার্ড চালুর উদ্যোগ নেওয়া হয়েছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়ন হবে। রোববার (২৯ মার্চ) কৃষক কার্ড চালুর কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সচিবালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় `কৃষক কার্ড, চালুর বিষয়ে গঠিত কমিটির সর্বশেষ অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। প্রধানমন্ত্রী প্রকল্পের স্বচ্ছতা ও সঠিক কৃষকদের কাছে সেবা পৌঁছানো নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। (জাগো নিউজ ওয়েব পেজঃ২৯.০৩.২০২৬ রিহাব)

## ১১ জেলায় নতুন ডিসি

১১ জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। জেলাগুলো হলো- রাজশাহী, চুয়াডাঙ্গা, খুলনা, মাদারীপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, হবিগঞ্জ, নরসিংদী, মেহেরপুর, লালমনিরহাট ও বান্দরবান। রোববার এসব জেলায় নতুন ডিসি নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব কাজী শহিদুল ইসলামকে রাজশাহীতে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব লুৎফুন নাহার চুয়াডাঙ্গায়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপ-সচিব হুরে জান্নাত খুলনায়, অর্থ বিভাগের উপ-সচিব মর্জিনা আক্তার মাদারীপুরে, সরকারি প্রিন্টিং প্রেসের উপ-পরিচালক মো. আবু সাঈদ ব্রাহ্মণবাড়িয়ায় এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব আহমেদ জিয়াউর রহমান চাঁদপুরের ডিসি হিসেবে নিয়োগ পেয়েছেন। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব জি এম সরফরাজকে হবিগঞ্জে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সচিব ইসরাত জাহান কেয়াকে নরসিংদীর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব শিল্পী রানী রায়কে মেহেরপুরে, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সচিব মুহ. রাশেদুল হক প্রধানকে

লালমনিরহাটে এবং ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক মো. সানিউল ফেরদৌসকে বান্দরবানের জেলা প্রশাসক করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## গ্রিসে যাওয়ার পথে সুনামগঞ্জের ১০ যুবকের মৃত্যুতে জেলাজুড়ে শোকের ছায়া

লিবিয়া থেকে নৌকায় গ্রিসে যাওয়ার পথে সাগরে পথ হারিয়ে খাবার ও বিশুদ্ধ পানির অভাবে অন্তত ২২ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু হয়েছে। তাদের মধ্যে সুনামগঞ্জের অন্তত ১০ জন রয়েছেন। এই মর্মান্তিক ঘটনায় জেলার বিভিন্ন এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। খোঁজ নিয়ে জানা যায়, উন্নত জীবনের আশায় প্রবাসে যাওয়ার স্বপ্ন হাওর অঞ্চলের অনেক যুবকদের। তবে সেই প্রবাস পাড়ি দেওয়ার পথটি ইতোমধ্যে অনেকেই দালালের মাধ্যমে বেছে নিচ্ছেন। ফলে উন্নত জীবন তো দূরের কথা, সেই প্রবাসে যেতে গিয়ে কেউ মাফিয়া চক্রের পাল্লায় পড়েছেন, কেউবা কফিনবন্দি হয়ে দেশে ফিরছেন, আবার কেউবা চিরতরে হারিয়ে যাচ্ছেন সমুদ্রের গভীর নোনাজলে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## জলাবদ্ধতা নিরসনে উত্তরখান-দক্ষিণখানে ৫০ কিলোমিটারের বেশি ড্রেন নির্মাণ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, জলাবদ্ধতা নিরসনে রাজধানীর উত্তরখান-দক্ষিণখানে ৫০ কিলোমিটারের বেশি ড্রেন (নর্দমা) নির্মাণ করা হয়েছে। এর মধ্যে উত্তরখানে ২৯ দশমিক ৮৭ কিলোমিটার এবং দক্ষিণখানে ২৩ দশমিক ৬৬ কিলোমিটার নর্দমা নির্মাণ করা হয়েছে। রোববার (২৯ মার্চ) ত্রয়োদশ জাতীয় সংসদের মুলতবি অধিবেশনে ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এসএম জাহাঙ্গীর হোসেনের লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান মন্ত্রী। স্থানীয় সরকারমন্ত্রী বলেন, ”ডিএনসিসি ও সরকারি অর্থায়নে এসব উন্নয়নকাজ বাস্তবায়ন করা হয়েছে, যা জলাবদ্ধতা নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।„ সম্পূরক প্রশ্নে এলাকার পরিস্থিতি তুলে ধরে ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য জাহাঙ্গীর আলম বলেন, ঢাকা উত্তর সিটি করপোরেশনের ২০১৭ সালে নতুন সংযুক্ত হওয়া ১২টি ওয়ার্ডের নাগরিকরা কাগজে সিটি করপোরেশনের আওতাভুক্ত হলেও, বাস্তবে মৌলিক নাগরিক সুবিধা থেকে বঞ্চিত। সুপেয় পানি, কার্যকর নিষ্কাশন ব্যবস্থা, রাস্তাঘাট, ড্রেনেজ ও বর্জ্য ব্যবস্থাপনা এসব সেবা অধিকাংশ এলাকায় যথাযথভাবে পৌঁছায়নি। দুঃখজনক বিষয় হলো- এসব এলাকার বাসিন্দারা নিয়মিত সিটি করপোরেশনের নির্ধারিত হারে কর দিচ্ছেন, কিন্তু তার অনুপাতে সেবা পাচ্ছেন না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## অনিয়ম রোধে সব গণপরিবহণে বসবে জিপিএস ট্র্যাকার : শেখ রবিউল আলম

অনিয়ম রোধে সব গণপরিবহণে জিপিএস ট্র্যাকার বসানো হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। রোববার সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে দেশের সড়ক দুর্ঘটনা রোধ, সড়কে সার্বিক নিরাপত্তা বৃদ্ধিতে সরকারের কার্যক্রম জোরদার করতে উচ্চপর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান শেখ রবিউল। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## যাত্রী নামিয়ে বাস ফেরিতে উঠাতে হবে : নৌমন্ত্রী

নৌ দুর্ঘটনা ও ফেরি পারাপারে ঝুঁকি এড়াতে কঠোর নির্দেশনা দিয়েছেন নৌমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, ফেরিতে গাড়ি ওঠার সময় অবশ্যই শতভাগ যাত্রী নামিয়ে নিশ্চিত করে ফেরিতে উঠতে হবে। রোববার সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সভাকক্ষে দেশের সড়ক দুর্ঘটনা রোধ, সড়কে সার্বিক নিরাপত্তা বাড়াতে সরকারের কার্যক্রম জোরদারে উচ্চপর্যায়ের সভা শেষে মন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন। মন্ত্রী বলেন, সেখানে একটা ব্যারিয়ারের কথা বলা হয়েছে, ব্যারিয়ার থাকবে। যদিও ওটা একটু কৌশলগতভাবে সমস্যা আছে, তো তারপরও ব্যারিয়ার থাকবে। বিআরটিএ এবং মালিক সমিতি তারা নিশ্চিত করছে যে, যাত্রী সম্পূর্ণ নামিয়ে গাড়ি ফেরিতে উঠতে হবে। এ রকম বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছি, কার্যকর হবে। বাসস্ট্যান্ড ছাড়া মহাসড়কের পাশে টিকিট কাউন্টার থাকবে না, অতিরিক্ত ভাড়া আদায় রোধে বাসস্ট্যান্ড ছাড়া মহাসড়কের পাশে যত্রতত্র বাসের টিকিট কাউন্টার থাকবে না বলেও জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## লুটপাট করে টাকা কামানোর জন্য হাসপাতাল নির্মাণ হয়েছিল : স্বাস্থ্যমন্ত্রী

লুটপাট করে টাকা কামানোর জন্য তড়িঘড়ি করে দেশব্যাপী হাসপাতাল নির্মাণ করা হয়েছিল বলে দাবি করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। রোববার (২৯ মার্চ) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের মুলতবি অধিবেশনে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। ১৩ দিনের বিরতি শেষে এদিন বিকেল ৩টায় ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে এ অধিবেশন শুরু হয়। স্বাস্থ্যমন্ত্রী বলেন, টাকা কামানোর জন্য বিগত সময়ে ইল-প্ল্যানিংয়ের (দুর্বল পরিকল্পনা) মাধ্যমে হাসপাতালগুলোর অবকাঠামোর কাজ শুরু করিয়েছিল। পাশাপাশি, এর মাধ্যমে লুটপাট হয়েছে। বিগত সময়ে স্বাস্থ্য বিভাগের যে হাসপাতালগুলো নির্মাণাধীন, সেগুলোর যে ইঞ্জিনিয়ারিং, স্ট্রাকচারের যে প্ল্যান করেছে, তা ত্রুটিপূর্ণ। আপনার দেখবেন, এন্ট্রান্স যেদিক দিয়ে গেছে,

অর্থাৎ মধ্যখানে কোনো পরিকল্পনা ছাড়াই বাথরুম নির্মাণ করা হয়েছে। ফলে যেখানে কোনো দিন মানুষ ঢুকতেও পারবে না ময়লার গন্ধে। তড়িঘড়ি করে টাকা কামানোর লক্ষ্যে ইল-প্ল্যানিংয়ের মাধ্যমে হাসপাতালগুলোর অবকাঠামো তৈরির কাজ শুরু করিয়েছিল এবং লুটপাট করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## বিমানের টয়লেট থেকে প্রায় ১৮ কেজি সোনা উদ্ধার

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিমানের একটি ফ্লাইটের কার্গো কম্পার্টমেন্টের টয়লেট থেকে ১৫৩টি সোনার বার উদ্ধার করা হয়েছে। উদ্ধার প্রতিটি সোনার বারের ওজন ১১৬ গ্রাম, যার সর্বমোট ওজন ১৭ কেজি ৭৮৪ গ্রাম। সোনার বারগুলোর বাজারমূল্য প্রায় ৩৮ কোটি টাকা। শনিবার রাতে যৌথ অভিযান চালিয়ে গোয়েন্দা সংস্থা ও এভিয়েশন সিকিউরিটি সদস্যরা এসব সোনার বার উদ্ধার করেন। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, শনিবার রাত ৯টার দিকে শাহজালালে অবতরণ করে দুবাই থেকে ছেড়ে আসা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট বিজি-৩৪৮। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বিমানটিকে অবতরণের আগে থেকেই সার্বক্ষণিক নজরদারিতে রাখা হয়। অবতরণের পর এভসেক সদস্যদের সমন্বয়ে একটি যৌথ অভিযান পরিচালনা করা হয়। এ ঘটনায় জড়িতদের শনাক্তকরণে সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থা এরই মধ্যে বিস্তারিত তদন্ত কার্যক্রম শুরু করেছে। বিমানবন্দরের নিরাপত্তা জোরদার এবং রাষ্ট্রীয় সম্পদ সুরক্ষায় এ ধরনের চোরাচালানবিরোধী অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## রাজশাহী বিভাগে হামের প্রকোপ, মার্চেই আক্রান্ত ৭৭, মৃত্যু ৩

রাজশাহী বিভাগে হামের প্রকোপ উদ্‌বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে। চলতি মার্চের প্রথম সপ্তাহ থেকে ২৬ মার্চ ল্যাব পরীক্ষায় ৭৭ জনের শরীরে হামের জীবাণু নিশ্চিতভাবে শনাক্ত হয়েছে। এই সময় বিভিন্ন হাসপাতালে ৩ জনের মৃত্যুও হয়েছে। স্বাস্থ্য বিভাগ বলছে, আক্রান্তদের অধিকাংশের বয়স ৬ থেকে ৯ মাস। যারা আক্রান্ত হচ্ছে তাদের কারোরই টিকা দেওয়া নেই। পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশ্বস্বাস্থ্য সংস্থা ও ইউনিসেফের পরামর্শ নেওয়া হচ্ছে। রাজশাহী বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের তথ্য মতে, মার্চের প্রথম সপ্তাহ থেকে ২৬ মার্চ পর্যন্ত বিভাগ জুড়ে মোট ৩৪২ জনকে হামে আক্রান্ত বলে সন্দেহ করা হচ্ছে। শতকরা আক্রান্তের হার ২২ দশমিক ৫১ শতাংশ। সংক্রমণের শীর্ষে রয়েছে পাবনা জেলা। সেখানে ল্যাব পরীক্ষায় ৩৩ জনের শরীরে হামের উপস্থিতি নিশ্চিত হয়েছে। দ্বিতীয় অবস্থানে থাকা চাঁপাইনবাবগঞ্জে আক্রান্তের সংখ্যা ২০ জন। এছাড়া রাজশাহীতে ১০ জন, নাটোরে ৬ জন, নওগাঁয় ৫ জন এবং বগুড়া, সিরাজগঞ্জ ও রাজশাহী সিটি করপোরেশন এলাকায় ১ জন করে রোগী শনাক্ত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## চাঁপাইনবাবগঞ্জে হামের প্রাদুর্ভাব বেড়েছে, তিন মাসে ৪ শিশুর মৃত্যু

চাঁপাইনবাবগঞ্জে আশঙ্কাজনক হারে ছড়িয়ে পড়েছে ভাইরাসজনিত ব্যাধি হাম। সদর, শিবগঞ্জ ও গোমস্তাপুরসহ জেলার বিভিন্ন উপজেলায় শিশুদের মধ্যে এ রোগের প্রাদুর্ভাব দ্রুত বাড়ছে। গত তিন মাসে হামে আক্রান্ত হয়ে চার শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে প্রায় ৬০০ শিশু হাসপাতালে চিকিৎসা নিয়েছে। জেলার শিশু ও নবজাতক বিভাগের কনসালট্যান্ট মাহফুজ রায়হান এসব তথ্য নিশ্চিত করেছেন। জেলা স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, আক্রান্তের সংখ্যা প্রতি দিন বাড়ছে। হাসপাতালে শয্যা সংকট দেখা দেওয়ায় শতাধিক শিশু মেঝেতে শুয়ে চিকিৎসা নিচ্ছে। এসব শিশুর বয়স ছয় মাস থেকে পাঁচ বছরের মধ্যে। এদের মধ্যে অনেকেই এখনো পূর্ণাঙ্গ টিকাদান কার্যক্রমে অন্তর্ভুক্ত নয়। শনিবার রাতে চাঁপাইনবাবগঞ্জ ২৫০ শয্যা জেলা হাসপাতালে দেখা গেছে, হাসপাতালে শয্যা সংখ্যা মাত্র ২০টি। অথচ ভর্তি রয়েছেন অন্তত ৭০ জন। এদের মধ্যে বেশিরভাগই শিশু। ফলে শয্যা না পেয়ে চিকিৎসা নিতে হচ্ছে মেঝেছে। অনেকে মেঝেতে স্থান না পেয়ে ঠাঁই নিয়েছেন সিঁড়িতে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## ডিজেল সংকটে সৌর বিদ্যুতের নলকূপই কৃষকের ভরসা

নড়াইল সদর উপজেলায় বোরো ধানের ক্ষেতে সেচ কাজে ব্যবহৃত হচ্ছে সৌর বিদ্যুৎচালিত নলকূপ। এতে গ্রামের কৃষকদের সেচ খরচ যেমন কমেছে, তেমনই পানির সরবরাহও নিশ্চিত হয়েছে। ফলে তাদের নেই ডিজেল বা বিদ্যুতের চিন্তা। কম খরচে চাহিদামতো পানি পাওয়ায় খুশি তারা। কৃষকেরা জানান, কৃষি অফিসের সহযোগিতায় উপজেলার তুলারামপুর ইউনিয়নের দুটি বিলে সোলার প্যানেলের সাহায্যে গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। শুরুতে অনেকের মধ্যে সংশয় থাকলেও, এখন এ পদ্ধতির সুফল পাচ্ছেন সবাই। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, ক্লাইমেট স্মার্ট অ্যাগ্রিকালচার অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পের আওতায় সদর উপজেলার তুলারামপুর ইউনিয়নের ২ বিলে সৌরবিদ্যুৎ চালিত সেচপাম্প স্থাপন করা হয়েছে। এসব পাম্প থেকে দৈনিক ১৬ ঘণ্টায় ৮ লাখ লিটার পানি তোলা সম্ভব। এর মাধ্যমে বোরো মৌসুমে তিনদিন পরপর সেচ দিলে মাটি ভেদে ৫০-৬০ বিঘা জমিতে সেচ দেওয়া যায়। সংশ্লিষ্টরা জানান, সৌরবিদ্যুৎ ব্যবহারের ফলে প্রতিদিন ১৬ ঘণ্টায় ৮৮ ইউনিট বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে। একইসঙ্গে ২৪ লিটার ডিজেল সাশ্রয় হচ্ছে, যা কৃষকদের ব্যয় কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দীর্ঘ মেয়াদে এটি পরিবেশবান্ধব ও টেকসই কৃষি ব্যবস্থার দিকে বড়ো একটি পদক্ষেপ। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## সরকারদলীয় এমপিদের সংসদীয় দলের সভা অনুষ্ঠিত

সরকারদলীয় সংসদ সদস্যদের সংসদীয় দলের সভা অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। রোববার বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এদিন বিরোধীদলীয় সংসদ সদস্যরাও বৈঠক করেছেন। এদিন বেলা ১১টায় জাতীয় সংসদ ভবনের বিরোধীদলীয় সভাকক্ষে এ বৈঠক হয়। বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সভাপতিত্বে বৈঠকে বিরোধীদলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম এমপি, বিরোধীদলীয় হুইপ মওলানা রফিকুল ইসলাম খানসহ অন্য সংসদ সদস্যরা উপস্থিত ছিলেন। জাতীয় সংসদের চলমান প্রথম অধিবেশন মুলতবির পর আজ থেকে পুনরায় শুরু হয়েছে। বিকেল ৩টায় জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষে এ বৈঠক শুরু হয়। এর আগে, গত ১২ মার্চ শুরু হওয়া সংসদ অধিবেশন ঈদুল ফিতর ও অন্যান্য ছুটির কারণে ১৫ মার্চ মুলতবি করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## মাসুদ উদ্দিন চৌধুরী ফের ৬ দিনের রিমান্ডে

সিন্ডিকেটের মাধ্যমে বিপুল অর্থ আত্মসাৎ ও মানবপাচারের গুরুতর অভিযোগে করা মামলায় সাবেক সংসদ সদস্য লেফটেন্যান্ট জেনারেল (অব.) মাসুদ উদ্দিন চৌধুরীকে দ্বিতীয় দফায় ছয়দিনের রিমান্ডে পাঠানোর নির্দেশন দিয়েছেন আদালত। রোববার পাঁচদিনের রিমান্ড শেষে তাকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে পুলিশ। মামলার তদন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এসময় তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আরও সাতদিনের রিমান্ড আবেদন করেন। শুনানি শেষে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলাম আবেদন আংশিক মঞ্জুর করে ছয়দিনের রিমান্ডের আদেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ আসাদ)

## কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিম আটক

রাজধানীর মিরপুর চিড়িয়াখানা এলাকা থেকে আলোচিত কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিমকে আটক করেছে শাহ আলী থানা পুলিশ। রোববার (২৯ মার্চ) শাহ আলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাহাঙ্গীর আলম বিষয়টি নিশ্চিত করেন। ওসি জাহাঙ্গীর আলম বলেন, কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিমকে আটক করা হয়েছে। মামলা আছে কিনা খতিয়ে দেখা হচ্ছে। তিনি বলেন, রাজধানীর মিরপুর চিড়িয়াখানার সামনে থেকে স্থানীয় জনতা কনটেন্ট ক্রিয়েটর আর এস ফাহিমকে আটকে রেখেছিল। পরে পুলিশ গিয়ে তাকে আটক করে থানায় নিয়ে আসে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## অন্তর্বর্তী সরকারের ১৩৩ অধ্যাদেশ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে রাতেই

অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা ১৩৩টি অধ্যাদেশ নিয়ে আজ রাতে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৯ মার্চ) দুপুরে জাতীয় সংসদ সচিবালয়ে সরকারদলীয় সংসদ সদস্যদের সংসদীয় সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, অধ্যাদেশ যাচাই-বাছাই সংক্রান্ত সংসদীয় বিশেষ কমিটির বৈঠক আজ রাতে অনুষ্ঠিত হবে। ১৩৩টি অধ্যাদেশের বিষয়ে রাতেই চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## উপজেলা হাসপাতালে গজ-ব্যান্ডেজ-সিরিঞ্জ কেনার পর্যাপ্ত টাকা নেই

স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বলেছেন, গত ফ্যাসিস্ট সরকারের আমলে স্বাস্থ্যখাতে লুটপাট হয়েছে। স্বাস্থ্যখাতে উন্নয়নমূলক কাজের জন্য পর্যাপ্ত তহবিল নেই, এমনকি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গজ, ব্যান্ডেজ ও সিরিঞ্জ কেনার মতো পর্যাপ্ত টাকা নেই। রোববার (২৯ মার্চ) ত্রয়োদশ জাতীয় সংসদে গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার গোবিন্দগঞ্জ উপজেলা হাসপাতাল ১০০ শয্যায় উন্নীত করার জন্য স্বাস্থ্যমন্ত্রীর মনোযোগ আকর্ষণ করেন। পরে এ বিষয়ে জবাব দেন মন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধের বিষয় বাজেটে অন্তর্ভুক্তির আশ্বাস

পানিতে ডুবে শিশুমৃত্যু প্রতিরোধে বাজেট বরাদ্দ করা, পাশাপাশি বিভিন্ন জাতীয় নীতিমালায়ও এ বিষয়টি গুরুত্বের সঙ্গে অন্তর্ভুক্ত করার প্রতিশ্রুতি দিয়েছেন সংসদ সদস্য ফখর উদ্দিন আহমেদ। রোববার (২৯ মার্চ) রাজধানীর বাংলাদেশ শিশু অ্যাকাডেমির সভাকক্ষে এক নীতি-সংলাপে প্রধান অতিথির বক্তৃতায় এ প্রতিশ্রুতি দেন তিনি। `পানিতে ডুবে যাওয়া প্রতিরোধে টেকসই সরকারি অর্থায়ন, বিষয়ক নীতিসংলাপ আয়োজন করে গণমাধ্যম ও যোগাযোগবিষয়ক উন্নয়ন প্রতিষ্ঠান `সমষ্টি,। এতে সহায়তা দেয় যুক্তরাষ্ট্রের গ্লোবাল হেলথ অ্যাডভোকেসি ইনকিউবেটর। সংলাপে জাতীয় সংসদ সদস্য, মন্ত্রণালয়ের প্রতিনিধি, উন্নয়ন সহযোগী, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, শিক্ষাবিদ, সাংবাদিক এবং সিভিল সোসাইটির প্রতিনিধিরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## ফুটপাত দখলমুক্ত করলেও, গরিব ব্যবসায়ীদের বিকল্প ব্যবস্থা করা হবে

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন বলেছেন, ফুটপাত দখলমুক্ত রেখে জনগণের চলাচল নিশ্চিত করার পাশাপাশি, গরিব ব্যবসায়ীদের জন্য বিকল্প ব্যবসারও ব্যবস্থা করা হবে। জনগণের চলাচলের জন্য রাস্তাও থাকতে হবে, আবার গরিব ব্যবসায়ীদের ব্যবসাও করতে হবে। রোববার (২৯ মার্চ) রাজধানীর মিরপুর-১০ নম্বরের হোপ মার্কেটের সামনে ফুটপাতে অবৈধ স্থাপনা যাচাইকরণ ও উচ্ছেদ উপযোগী স্থাপনা চিহ্নিতকরণ কার্যক্রম পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। উত্তর সিটির প্রশাসক বলেন, জনগণের যেমন যাতায়াতের ব্যবস্থাটাকে সহজভাবে করে দিতে হবে, একইভাবে যারা গরিব ব্যবসায়ী আছেন, তাদেরও একটা ব্যবসায়িক জায়গার বন্দোবস্ত করে দিতে হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী আমাকে নির্দেশ দিয়েছেন, আমি সেই নির্দেশ অনুযায়ী হাঁটা-চলার সুবিধার জন্য যতটুকু দরকার এবং মানবিক কারণে গরিব ব্যবসায়ীদের আমরা যেন অন্য কোথাও ব্যবসার সুযোগ করে দিতে পারি, সেসব দেখতে এখানে পরিদর্শন করতে এসেছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## নন-ভ্যাকেশন হচ্ছে সরকারি কলেজের শিক্ষকদের চাকরি

সরকারি কলেজের বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সদস্য ও অন্য শিক্ষকদের চাকরি নন-ভ্যাকেশন বিভাগ হিসেবে ঘোষণা করার উদ্যোগ নিয়েছে সরকার। এজন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর মতামতের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অর্থ বিভাগকে অনুরোধ জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। রোববার (২৯ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপ-সচিব সাবিনা ইয়াসমিনের সই করা এক স্মারকে থেকে এ তথ্য জানা যায়। এতে বলা হয়েছে, সরকারি কলেজের শিক্ষকরা বর্তমানে ভ্যাকেশন বিভাগের সুবিধা ভোগ করলেও, এ সংজ্ঞা পর্যালোচনা করে সংশোধনের বিষয়ে আগে থেকেই আলোচনা চলছিল। অর্থ মন্ত্রণালয়ের এক স্মারকে এ সংজ্ঞা পুনর্বিবেচনার কথা উল্লেখ করা হয় এবং সে অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়কে প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলা হয়। তবে ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী অবকাশ বিভাগের কর্মচারীদের ছুটির বিষয়ে সুস্পষ্ট বিধান থাকায় এ বিধি সংশোধনের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত বলেও স্মারকে উল্লেখ করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## আমরা রক্ত ঝরিয়েছি বলেই আপনারা প্রধানমন্ত্রী-স্বরাষ্ট্রমন্ত্রী হয়েছেন : হান্নান মাসউদ

সরকারদলীয় সংসদ সদস্যদের উদ্দেশ্যে নোয়াখালী-৬ (হাতিয়া) আসনের সংসদ সদস্য আবদুল হান্নান মাসউদ বলেছেন, আমরা রক্ত ঝরিয়েছি বলেই আজ আপনারা প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী হয়েছেন। জেনারেশন জেডরা (জেন-জি) আর বাহাত্তরের সংবিধান চান না দাবি করে তিনি বলেন, এই প্রজন্ম জানতে চায় কেন স্বাধীনতার ৩০ বছর পর জন্ম নিয়েও তারা ভোটাধিকার পায়নি। আমরা স্বাধীন দেশে জন্ম নিয়ে নতুন পতাকা, মানচিত্র ও সীমানা পেয়েছে, যা পূর্বপুরুষদের রক্তের বিনিময়ে অর্জিত। তবে, আমরা কি সেই কাঙ্ক্ষিত নিরাপদ বাংলাদেশ পেয়েছি? সেটাতো পাইনি। রোববার (২৯ মার্চ) জাতীয় সংসদের অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আলোচনায় অংশ নিয়ে এ কথা বলেন হান্নান মাসউদ। নির্বাচনের সময় নিজের গাড়িবহরে হামলার ঘটনা উল্লেখ করে সরকারদলীয় সংসদ সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেন, আমরা রক্ত ঝরিয়েছি বলেই আজ আপনারা প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী হয়েছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## চতুর্থ শ্রেণি থেকে খেলাধুলা বাধ্যতামূলক হচ্ছে : ক্রীড়া প্রতিমন্ত্রী

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক বলেন, সরকার আগামী শিক্ষাবর্ষ থেকে চতুর্থ শ্রেণি থেকে খেলাধুলাকে বাধ্যতামূলক করতে যাচ্ছে। সাতটি ইভেন্টের মাধ্যমে এটি শুরু করা হবে। রোববার (২৯ মার্চ) জাতীয় সংসদের অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে চট্টগ্রাম-১৬ আসনের সংসদ সদস্য জহিরুল ইসলামের প্রশ্নের জবাবে এ কথা বলেন আমিনুল হক। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## প্রবাসী আয়ে নতুন রেকর্ড, ২৮ দিনে এলো ৩৩৩ কোটি ২০ লাখ ডলার

চলতি মার্চ মাসে দেশে প্রবাসী আয়ের নতুন রেকর্ড তৈরি হয়েছে। চলতি মাসের ২৮ দিনেই দেশে এসেছে ৩৩৩ কোটি ২০ লাখ বা ৩ দশমিক ৩৩ বিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স। দেশের ইতিহাসে যা কোনো এক মাসে সর্বোচ্চ প্রবাসী আয়। রোববার (২৯ মার্চ) বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানান। তিনি বলেন, চলতি মার্চের ২৮ দিনেই ৩৩৩ কোটি ২০ লাখ ডলার রেমিট্যান্স এসেছে। এর আগে, মার্চ মাসেই ৩২৯ কোটি ৫৬ লাখ ৩০ হাজার ডলার দেশে এসেছিল, যা এতদিন পর্যন্ত একক মাসে সর্বোচ্চ রেমিট্যান্স হিসেবে রেকর্ড ছিল। ব্যাংকারদের মতে, রমজান ও ঈদকে ঘিরে প্রতি বছরই প্রবাসী আয় বাড়ে। এছাড়া মধ্যপ্রাচ্যে চলমান ইসরায়েল-ইরান উত্তেজনার কারণে অনেক প্রবাসী তাদের সঞ্চিত অর্থ দেশে পাঠিয়ে থাকতে পারেন। রেমিট্যান্স প্রবাহ বেড়ে যাওয়ায় সাম্প্রতিক সময়ে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভেও ইতিবাচক প্রভাব পড়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি

অর্থবছরের জুলাই থেকে ২৮ মার্চ পর্যন্ত দেশে মোট রেমিট্যান্স এসেছে ২ হাজার ৫৭৮ কোটি ৫০ লাখ ডলার। আগের বছরের একই সময়ের তুলনায় যা ১৮ দশমিক ৮০ শতাংশ বেশি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## মোংলা ডিপোতে জ্বালানি তেলের হিসাবে গরমিল, ডিপো ম্যানেজার বরখাস্ত

যমুনা অয়েল কোম্পানির মোংলা ডিপোতে রেজিস্ট্রারের চেয়ে মজুতের হিসাবে সাড়ে ১২ হাজার লিটার বেশি জ্বালানি তেল পাওয়ায়, ডিপো ম্যানেজার আল আমিন খানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বাগেরহাটের মোংলা অয়েল ইনস্টলেশনে যমুনা অয়েল কোম্পানি লিমিটেডের আওতাধীন তিন ট্যাংকে অতিরিক্ত ১২ হাজার ৬১৩ লিটার তেল পাওয়া গেছে, যা কোম্পানির হিসাবের খাতায় ছিল না। গতকাল শনিবার (২৮ মার্চ) দিনগত রাত ১২টা ৩৯ মিনিট থেকে ভোর পর্যন্ত যৌথ অভিযানের সময় তেলের মজুতের ব্যাপক অনিয়ম ও গরমিল ধরা পড়ে। অভিযানে বাগেরহাট জেলা প্রশাসন, নৌবাহিনী ও কোস্ট গার্ড অংশ নেয়। তবে রাতে অভিযান চলাকালে ডিপো ম্যানেজার কর্মস্থলে ছিলেন না। এ বিষয়ে জানতে যমুনা অয়েলের ব্যবস্থাপনা পরিচালক মো. আমির মাসুদকে ফোন করা হলেও তিনি রিসিভ করেননি। তবে বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন যমুনা অয়েল কোম্পানির মহাব্যবস্থাপক (মানবসম্পদ) মো. মাসুদুল ইসলাম। তিনি বলেন, যে তেল বেশি পাওয়া গেছে, এ ধরনের ঘটনা তেল সেক্টরের প্রায় প্রত্যেক ডিপোতে থাকতে পারে। কারণ জ্বালানি তেলের হিসাব শুধু ট্যাংকের ডিপ মেপে হয় না। তাপমাত্রা ও ঘনত্বের সঙ্গে ডিপ মিলিয়ে তেলের পরিমাণ নির্ধারণ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## আইনের ব্যাখ্যা না দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর উচিত সন্ত্রাসীদের তালিকা করা

এনসিপি নেতা ও সংসদ সদস্য আবদুল হান্নান মাসউদ বলেছেন, আমার মনে হয় স্বরাষ্ট্রমন্ত্রী আইনের ব্যাখ্যা না দিয়ে আইনমন্ত্রী আইনের ব্যাখ্যা দেবেন। স্বরাষ্ট্রমন্ত্রীর মনোযোগ দেওয়া দরকার সারাদেশে কোথায় কোথায় সন্ত্রাসীরা রয়েছে। সন্ত্রাসীদের তালিকা করে তাদের বিচারের আওতায় আনা। স্বরাষ্ট্রমন্ত্রীর উচিত যারা হত্যার শিকার হয়েছেন, তাদের পরিবার যেন বিচার পায়, সে ব্যবস্থা করা। রোববার (২৯ মার্চ) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে তিনি এসব কথা বলেন। ১৩ দিন বিরতি শেষে এদিন বিকেল ৩টায় ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। আবদুল হান্নান মাসউদ বলেন, ”আমি আমার এলাকায় তিন তিনবার হামলার শিকার হয়েছি। দেশীয় অস্ত্র নিয়ে আমাকে কোপাতে আসা হয়েছে। এরা কারা? এরা তারাই, যাদের হাতে বিএনপি নেতা-কর্মীদের শরীরের রক্ত লেগে আছে। যারা আপনার ভাইকে খুন করেছে, তাদের পুনর্বাসিত করে আমাদের খুন করার জন্য লেলিয়ে দিচ্ছেন!„ তিনি অভিযোগ করেন, আমার নির্বাচিত এলাকায় শাপলা কলিতে ভোট দেওয়ার কারণে এক নারীকে ধর্ষণ করা হয়েছে। অথচ সার্কেল এসপি এক ঘণ্টার মধ্যে বলেছেন, এমন কোনো ঘটনা ঘটেনি। ৪২ দিন পার হয়েছে, এখনো ডিএনএ রিপোর্ট আসেনি। মামলা নিতে তিনদিন দেরি হয়েছে। সিভিল সার্ভিস অফিস তদন্ত রিপোর্ট জমা দিয়েছে, অথচ ভুক্তভোগী নারী জানেন না। এই ভয়াবহ পরিবেশ কারা তৈরি করেছে?
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## বিরোধী দলের নোটিশের ওপর আলোচনার সময় নিয়ে সংসদে বিতর্ক

জুলাই জাতীয় সনদের সংবিধান সম্পর্কিত সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান নিয়ে আলোচনার জন্য সংসদে নোটিশ দিয়েছে বিরোধী দল জামায়াতে ইসলামী। এই নোটিশের ওপর কখন আলোচনা হবে, তা নিয়ে রোববার সংসদে সরকারি দল ও বিরোধী দলের মধ্যে অনির্ধারিত বিতর্ক হয়েছে। রোববার (২৯ মার্চ) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের মুলতবি অধিবেশনে এ বিতর্কের অবতারণা হয়। ১৩ দিনের বিরতি শেষে এদিন বিকেল ৩টায় ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে সংসদের প্রথম অধিবেশন পুনরায় শুরু হয়। অধিবেশনে প্রশ্নোত্তর পর্ব শেষ হওয়ার পরপরই পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান নোটিশটি সংসদে উত্থাপন করেন এবং এটি নিয়ে আলোচনা করার দাবি জানান। কিন্তু সরকারি দলের পক্ষ থেকে বলা হয়, দিনের কার্যসূচি অনুযায়ী আগে প্রশ্নোত্তর ও জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণের নোটিশের ওপর আলোচনা শেষ করতে হবে। এরপর অন্য কোনো নোটিশ নিয়ে আলোচনা হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## আরও দুই সচিব প্রত্যাহার, ২ মন্ত্রণালয়ে নতুন সচিব

প্রশাসনের আরও দুই সচিবকে প্রত্যাহার করা হয়েছে এবং একজন সচিবের প্রত্যাহার আদেশ বাতিল করা হয়েছে। পাশাপাশি, দুই মন্ত্রণালয়ে নতুন সচিব নিয়োগ দেওয়া হয়েছে। এর মধ্যে একজন পদোন্নতি পেয়ে সচিব হয়েছেন। একইসঙ্গে সদ্য সচিব পদে পদোন্নতি পাওয়া এক কর্মকর্তাকে পরিকল্পনা কমিশনের সদস্য হিসেবে পদায়ন করা হয়েছে। রোববার (২৯ মার্চ) এ বিষয়ে ছয়টি প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ইসরাত চৌধুরী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. মফিদুর রহমানকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

**২৭ হাজার টন ডিজেল নিয়ে সোমবার বন্দরে আসছে ৃপিভিটি সোলানা,**

মালয়েশিয়া থেকে ২৭ হাজার ৩০০ টন পরিশোধিত ডিজেল নিয়ে চট্টগ্রাম বন্দরে আসছে ট্যাংকার ৃপিভিটি সোলানা,। জাহাজটির সোমবার (৩০ মার্চ) বন্দরের বহির্নোঙরে আসার কথা রয়েছে। পরে প্রয়োজনীয় প্রক্রিয়া শেষ করে মঙ্গলবার ডলফিন জেটিতে এর বার্থিং করার পরিকল্পনা আছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জাগো নিউজকে বলেন, সোমবার পিভিটি সোলানা নামের জাহাজটি ২৭ হাজার ৩০০ টন ডিজেল নিয়ে আসবে। এছাড়া, ভারতের নুমালিগড় রিফাইনারি লিমিটেড (এনআরএল) থেকে পাইপলাইনে সাত হাজার টন ডিজেল এসেছে। তবে ৩১ মার্চ আরেকটি পার্সেল আসার কথা থাকলেও তা দু-একদিন পেছাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

**ওমরাহ করতে রাতে সৌদি আরব যাচ্ছেন নাহিদ ইসলাম**

পবিত্র ওমরাহ পালনের উদ্দেশ্যে আজ রাতে সৌদি আরব যাচ্ছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। রোববার (২৯ মার্চ) রাতে দলের মিডিয়া টিম থেকে এক বার্তায় এ তথ্য জানানো হয়। বার্তায় বলা হয়, নিরাপদ যাত্রার জন্য তিনি দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন। সবকিছু ঠিক থাকলে আগামী ৪ এপ্রিল তার দেশে ফেরার কথা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

**এসএসসি-এইচএসসি পরীক্ষা ডিসেম্বরে না হওয়ায় মূল্যবান সময় নষ্ট হচ্ছে**

এসএসসি ও এইচএসসি পরীক্ষা প্রতি বছরের ডিসেম্বর মাসে না হওয়ায়, শিক্ষার্থীদের জীবনের মূল্যবান সময় নষ্ট হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, এসএসসি ও এইচএসসি পরীক্ষার দীর্ঘসূত্রতা, বিশেষ করে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো ৩১ ডিসেম্বরের মধ্যে পরীক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষা শেষ করলেও শিক্ষা বোর্ডগুলো এ দুটি পাবলিক পরীক্ষা সেই বছরের ডিসেম্বরে না নিয়ে পরবর্তী বছরের এপ্রিল ও জুন মাসে নিয়ে থাকে। এ কারণে শিক্ষার্থীদের মূল্যবান সময় নষ্ট হচ্ছে, যা জাতীয় পর্যায়ে বড়ো ধরনের ক্ষতির কারণ। এ বিষয়ে কার্যকর সংস্কার প্রয়োজন। রোববার (২৯ মার্চ) রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) আয়োজিত এক প্রশিক্ষণ কর্মসূচির উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকরা হচ্ছেন জাতির কাইরোপ্র্যাকটিক চিকিৎসক (মেরুদণ্ড, ঘাড়, পিঠ, কোমর ও স্নায়ুতন্ত্র বিশেষজ্ঞ), যারা দেশের ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলেন। শিক্ষা যদি জাতির মেরুদণ্ড হয়, তবে সেই মেরুদণ্ডকে সোজা রাখার দায়িত্ব শিক্ষকদের ওপরই বর্তায়। নানান সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও শিক্ষকদের নৈতিক ও পেশাগত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

**বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠাই ছিল স্বাধীনতার প্রকৃত লক্ষ্য : ঢাবি উপাচার্য**

বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠাই স্বাধীনতার প্রকৃত লক্ষ্য ছিল বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতা অর্জন জাতির সর্বোচ্চ গৌরবের বিষয়। স্বাধীনতার প্রকৃত লক্ষ্য ছিল সামাজিক বৈষম্য নিরসন এবং অর্থনৈতিক, সামাজিক ও গণতান্ত্রিক মুক্তি। স্বাধীনতার মূল চেতনা তখনই পূর্ণতা পাবে, যখন প্রতিটি নাগরিক সমান অধিকার, ন্যায়বিচার ও মতপ্রকাশের স্বাধীনতা ভোগ করবে। রোববার (২৯ মার্চ) ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ৃমহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য, শীর্ষক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। উপাচার্য বলেন, ভাষা আন্দোলন থেকে শুরু করে মুক্তিযুদ্ধ, স্বৈরাচারবিরোধী আন্দোলনসহ প্রতিটি ঐতিহাসিক অর্জনে ঢাকা বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ১৯৭১ সালের ২৫ মার্চের গণহত্যা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন স্থানে বর্বরতার নির্মম উদাহরণ হয়ে আছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

**উচ্চ আদালতে মামলাজট নিরসনে ভূমিকা রাখতে চাই : অ্যাটর্নি জেনারেল**

দেশের উচ্চআদালতে মামলাজট নিরসনে ভূমিকা রাখার আশা প্রকাশ করেছেন নবনিযুক্ত অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল। রোববার (২৯ মার্চ) নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ আশা প্রকাশ করেন। সুপ্রিম কোর্টে রাষ্ট্রের পক্ষে মামলা পরিচালনাকারী কর্তৃপক্ষ অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের কিছু কর্মকর্তার বিরুদ্ধে অনৈতিক অর্থ লেনদেনের অভিযোগ রয়েছে জানিয়ে রুহুল কুদ্দুস কাজল বলেন, ”আইনজীবীদের মধ্যে আমাদের অ্যাটর্নি জেনারেল অফিস সম্পর্কে নোট-বাণিজ্যের অভিযোগ আছে। এখানে আমরা অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে কাজ করবো। আমরা এখানে কোনো অবৈধ কাজ করছি না, রাষ্ট্রের পক্ষে মামলা পরিচালনা করছি। ইতঃপূর্বে এই নোট-বাণিজ্যের ক্ষেত্রে আমাদের অনেক আইন কর্মকর্তার বিরুদ্ধে পছন্দমতো বেছে বেছে ব্যবস্থা নেওয়ার অভিযোগ আছে। আবার কিছু ক্ষেত্রে অবৈধ লেনদেনেরও অভিযোগ আছে। আমরা কিছু ব্যক্তিকে সন্দেহের তালিকায় রেখেছি। আমার নিয়োগের পর থেকেই আমি এ ধরনের বেআইনি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে সুস্পষ্ট বার্তা দিচ্ছি। তাদের শেষবারের মতো সতর্ক করে দিচ্ছি,„ যোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

## জিয়াউল আহসানের বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ পেছালো

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের শাসনামলে গুম, খুনের ঘটনায় অভিযুক্ত সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের বিরুদ্ধে মামলায় প্রসিকিউশনের সাক্ষ্যগ্রহণ পিছিয়েছে। সাক্ষ্যগ্রহণের নির্ধারিত দিনে রোববার (২৯ মার্চ) প্রসিকিউশন আদালতে সাক্ষী হাজির করতে পারেনি। এরপর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ সাক্ষ্যগ্রহণের জন্য ২ এপ্রিল দিন ধার্য করেন। বিষয়টি নিশ্চিত করেছেন জিয়াউল আহসানের আইনজীবী নাজনীন নাহার। প্রসিকিউটর শাইখ মাহদী জানান, সাক্ষী ব্যক্তিগত সমস্যার কারণে আদালতে সাক্ষ্য দিতে আসেননি। আদালত সাক্ষ্যগ্রহণের নতুন দিন ধার্য করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৯.০৩.২০২৬ রিহাব)

# BBC

## NO KINGS PROTESTERS ACROSS THE US RALLY AGAINST DONALD TRUMP

Large protests against the Trump administration have taken place in cities across the US, marking the third iteration of No Kings rallies that have previously drawn crowds into the millions. Organisers say they are protesting against policies imposed by US President Donald Trump, including the war in Iran, federal immigration enforcement and the rising cost of living. "Trump wants to rule over us as a tyrant. But this is America, and power belongs to the people - not to wannabe kings or their billionaire cronies," organisers said. A White House spokesperson called the protests "Trump Derangement Therapy Sessions" and said the only people who care "are the reporters who are paid to cover them". Throughout the day on Saturday, demonstrations took place in nearly every major US city, including New York, Washington DC, Los Angeles, Boston, Nashville and Houston. Crowds also gathered in smaller cities and towns across the country. Rallies took over the streets of downtown Washington DC throughout the afternoon, with throngs of people marching through the nation's capital. Protesters lined the steps of the the Lincoln Memorial and packed the National Mall. (BBC Web page : 29.03.2026 Ali Ahmed)

## IRANIAN ATTACKS ACROSS GULF CONTINUE AS MAJOR INDUSTRIAL SITES HIT

Aluminium Bahrain said its facility has been attacked by Iran, with two employees wounded

Gulf nations reported a series of attacks as the US-Israel war against Iran entered its fifth week, including strikes on major industrial infrastructure. The United Arab Emirates (UAE) said a number of people had been injured in an Iranian strike on a key aluminium plant in Abu Dhabi, with significant damage reported by operator Emirates Global Aluminium. Meanwhile, state-controlled Aluminium Bahrain said two employees were wounded by an Iranian attack on one of the world's largest aluminium smelting facilities. It comes after Yemen's Iran-backed Houthis entered the conflict on Saturday, raising fears of further economic disruption should they target shipping in the Red Sea. The group said it had launched a barrage of missiles against Israel targeting "sensitive" military sites, and vowed to continue such attacks. Israel said it had shot down two missiles coming from Yemen. Oil and gas prices have already spiked as Iran has effectively shut the Strait of Hormuz, a key shipping route for global energy supplies between the Persian Gulf and the Gulf of Oman.
(BBC Web page : 29.03.2026 Ali Ahmed)

## IRAN-BACKED HOUTHIS JOIN WAR WITH ATTACK AGAINST ISRAEL

The Iran-backed Houthis in Yemen say they have launched a barrage of missiles against Israel - the first since the start of the US-Israel war with Iran. The group said in a statement that it had targeted "sensitive Israeli military sites" and vowed to continue such attacks. Israel said it had shot down two missiles coming from Yemen. The entry of the powerful Iranian proxy into the conflict raises fears of further disruption to the world economy as the armed group has capacity to attack shipping in the Red Sea. Houthis consider themselves to be part of a so-called "axis of resistance" that also includes other groups financed by Iran, such as the Hezbollah in Lebanon and Hamas in the Gaza Strip. Yemen has been devastated by a civil war that began 12 years ago, when the Houthis seized control of the country's north-west from the internationally recognised government and a Saudi-led coalition supported by the US intervened in an effort to restore its rule. Crucially, they control the Yemen's Red Sea coastline. The involvement of the group in the conflict that began with US and Israeli strikes on Iran on 28 February had been largely expected.
(BBC Web page : 29.03.2026 Ali Ahmed)

**:: THE END ::**